কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership IRS 2019 Q3

কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ২০ কলকাতা বুধবার, ১৫ ডিসেম্বর ২০২১/১ ২৯ অগ্রহায়ণ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

রাজ্য পুলিশের মাধ্যমে আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল
মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
— পৃঃ ৬

স্টেট ব্যাঙ্কে ৩১৮ অফিসার

৩১৮ জন অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে ভোপাল (মধ্যপ্রদেশ ও ছত্তিশগড়) ও জয়পুর (রাজস্থান) সার্কেলে। হিন্দি জানলে তবেই আবেদন করা যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। সংস্থায় যোগদানের পর প্রথমে সার্কল বেসড অফিসার হিসেবে ৬ মাসের প্রবেশন। এর পরে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/ CBO/ 2021-22/19.

সার্কল ও রাজ্য অনুসারে শূন্যপদ:

ভোপাল: মধ্যপ্রদেশ: শূন্যপদ ১৬২টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ চলাচলে অক্ষম, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতাবিশিষ্ট প্রার্থীদের জন্য এবং ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ছত্তিশগড়: শূন্যপদ ৫২টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ চলাচলে অক্ষম, দৃষ্টিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতাবিশিষ্ট প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

জয়পুর: রাজস্থান: শূন্যপদ ১০৪টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ২টি করে শূন্যপদ চলাচলে অক্ষম ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও একাধিক প্রতিবন্ধকতাবিশিষ্ট প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সেই সঙ্গে অফিসার হিসেবে কোনও কমার্শিয়াল ব্যাঙ্ক বা গ্রামীণ ব্যাঙ্কে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই হিন্দি পড়তে, লিখতে ও বুঝতে হবে। ভাষাজ্ঞানের পরীক্ষায় পাশ করলে তবেই নিয়োগ পাওয়া যাবে। তবে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকলে ভাষাজ্ঞানের পরীক্ষা দিতে হবে না।

বয়স: ১-১২-২০২১ তারিখে ২১

এরপর দুয়ের পাতায়

রেলে ১ লক্ষ গ্রুপ-ডি পদে নিয়োগের পরীক্ষা শুরু ২৩ ফেব্রুয়ারি

ভারতীয় রেলে ১ লক্ষ শূন্যপদে গ্রুপ-ডি কর্মী নিয়োগের পরীক্ষা শুরু হবে ২৩ ফেব্রুয়ারি থেকে। পরীক্ষা পরিচালনা করবে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। একাধিক দফায় সারা দেশ জুড়ে কম্পিউটারভিত্তিক পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার ৪ দিন আগে থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আর আর বি)-এর ওয়েবসাইট থেকে।

রেলের তরফে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, প্রার্থীদের আপলোড করা ফটো ও সইয়ে অসঙ্গতির কারণে প্রায় পাঁচ লাখ দরখাস্ত প্রাথমিক ভাবে বাতিল করা হয়েছিল। সংশ্লিষ্ট ওয়েবসাইটে লগ-ইন করে তা সংশোধন করা যাবে ১৫ থেকে ২৬ ডিসেম্বরের মধ্যে।

তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.rrbkolkata.gov.in

নেভিতে খেলোয়াড়

বেশ কিছু খেলোয়াড় নেবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে সেলর র‍্যাঙ্কে নিয়োগ করা হবে বিভিন্ন এন্ট্রির মাধ্যমে। ট্রেনিং হবে ০১/২০২২ ব্যাচে। শুধুমাত্র অবিবাহিত তরুণরাই আবেদন করবেন।

যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ হবে: অ্যাথলেটিক্স, অ্যাকোয়াটিক্স, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, ফুটবল, আর্টিস্টিক জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, কবাডি, ভলিবল, ওয়েটলিফটিং,

এরপর তিনের পাতায়

ভারত ইলেক্ট্রনিক্সে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ৩৬ জনকে নেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ২ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 383/PE-I/ HR/ES/2021-22.

শূন্যপদের বিবরণ: **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১:** সিভিল ২৪টি, ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৬টি, মেকানিক্যাল ৬টি। মোট শূন্যপদের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে। এর পাশাপাশি ১-১২-২০২১ তারিখ অনুসারে উভয় ক্ষেত্রেই

এরপর তিনের পাতায়

WE ARE HIRING
WALK-IN INTERVIEW

AROHAN
AAVISHKAAR GROUP

Recruitment Drive for the Customer Service Representative (CSR), Bazar Customer Service Representative (BCSR), Recovery Customer Service Representative (RCSR) and Branch Head (BH) positions shall be ongoing on the following dates.

Great Place To Work
Certified
MAR 2021-FEB 2022
INDIA

আরোহণ রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার দ্বারা অনুমোদিত ভারতবর্ষের একটি বৃহত্তম NBFC MFI Company (Reg. No.- D-05-02932)

আরোহণ তার কর্মচারীদের একটি সুস্থ কর্মস্থল, উপযুক্ত পারিশ্রমিক এবং কর্মজীবনে অগ্রগতির সুযোগ প্রদান করে থাকে। আরোহণ পুরুষ, মহিলা নির্বিশেষে সমাজের সকল স্তরের লোককে কাজের সমান সুযোগ প্রদান করে থাকে।

Branch Head	CSR/ Sr. CSR/BCSR
সেলসের কাজে ন্যূনতম তিন থেকে পাঁচ বছরের অভিজ্ঞতা। বিশেষত ফাইন্যান্স: ইন্স্যুরেন্স সেক্টরে।	ফ্রেশাররা স্বাগত, ফাইন্যান্স: ইন্স্যুরেন্স সেক্টরে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে
টিমকে নেতৃত্ব দেওয়ার ক্ষমতা, আঞ্চলিক ভাষায় ভালো কথা বলার দক্ষতা, কম্পিউটারে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে	বাংলা ভাষায় দক্ষ ও কম্পিউটারে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে

Education Qualification and Compensation & Incentive

Graduate/Post Graduate/MBA
Preferred. যোগ্যতার ভিত্তিতে প্রতি মাসে 30 হাজার(Gross)। Performance Incentive: 10000/- পর্যন্ত। Age - 24 - 35 yrs

H.S/Graduate/Fresher
চাকরিতে যোগ দেওয়ার সময় 14228/- টাকা এবং পেট্রোলের জন্য 2200/- টাকা মহিলা: ১৮-২৯ পর্যন্ত পুরুষ: ২১-২৯ পর্যন্ত
Performance Incentive 6228/-

Date	Venue	Phone No	Date	Venue	Phone No
18th Dec, 2021 and 19th Dec, 2021	Burdwan	9064451822	23rd Dec, 2021	Baruipur	7596956607
	Arambagh	8250243604		Naihati	8584827300
	Gobardanga	8584827312		Murarisha	8584827341
	Debagram	7001766631		Kandi	9091308962
	Dhulian	8370808629		Bhatar	7908330118
	Rampurhat	8371031151		Chandipur	8001909749
	Mecheda	9679205888		RO-Kharagpur	7003267569
	Chandrakona	8001019544		Kushmandi	8768464225
	Ramnagar	9733608595		Rajganj	8918484400

Website : www.arohan.in

অনুগ্রহ করে সাম্প্রতিক সিভি, পাসপোর্ট সাইজ ছবি, প্যান কার্ড, আধার কার্ড (জেরক্স/মূল) ডি. এল/লার্নার জেরক্স সঙ্গে নিয়ে আসবেন। আপনি ইমেলেও সিভি পাঠাতে পারেন: Puja.maity@arohan.in

নন-ওভেন কাপড় এবং কাগজের ব্যাগ তৈরি করে ব্যবসা করুন

পরিবেশ ও স্বাস্থ্যহানি ঘটায় বলে প্লাস্টিক বর্জনের আওয়াজ উঠেছে গোটা পৃথিবী জুড়ে। কেনাকাটার সময় জিনিসপত্র দেওয়ার জন্য প্লাস্টিক ব্যাগের যে-চল আছে আমাদের দেশে, তাতেও ক্রমশ পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। প্লাস্টিকের জায়গা নিচ্ছে নন-ওভেন ব্যাগ বা কাগজের থলে। আপনিও এ ধরনের ব্যাগ তৈরি করে বিভিন্ন দোকানে ও সংস্থায় জোগান দিয়ে উপার্জন করতে পারেন। ব্যাগ তৈরির জন্য স্বয়ংক্রিয় মেশিন কিনতে পাওয়া যায়।

নিজস্ব প্রতিনিধি: পৃথিবী জুড়ে প্লাস্টিকজাত দ্রব্য সুস্থ পরিবেশের অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। শুধু মানুষ নয়, প্লাস্টিকের জন্য আজ বন্যপ্রাণও বিপদের মুখে। প্লাস্টিক সামগ্রীর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় প্লাস্টিকের ক্যারিব্যাগ। কাগজ, কাপড় এবং নন-ওভেন কাপড়ের ব্যাগ প্লাস্টিকের বিকল্প হতে পারে। এর ব্যবহারও ব্যাপক হারে শুরু হয়েছে। কিন্তু চাহিদা অনুযায়ী এখনও এগুলির উৎপাদন বেশ কম। তাই প্লাস্টিকের ব্যাগকে জীবন থেকে একেবারে বাদ দেওয়া যাচ্ছে না। ফলে পরিবেশ দূষণও ঘটে চলেছে।

সামনেই শীতকালীন উৎসবের মরশুম। বড়দিন ও নতুন বছর তো আছেই, আছে হস্তশিল্প মেলা, বইমেলা, বিভিন্ন প্রদর্শনী ইত্যাদিও। এ সময় কেনাকাটা বেশি হয়। আর, কেনাকাটা বেশি হওয়া মানেই ব্যাগের চাহিদা বাড়বে। এই সময় শুরু করতে পারেন কাগজের ব্যাগ, নন-ওভেন কাপড়ের ব্যাগের ব্যবসা।

বাজারের চাহিদার কথা ভেবে বছর তিনেক হল সাঁতরাগাছির দুই ভাই, সুরজ ঘোষ ও সুরজিৎ ঘোষ বেসরকারি সংস্থার চাকরি ছেড়ে নন-ওভেন ব্যাগ

এরপর পাঁচের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

H.S./Graduate? টার্গেটহীন অফিস জবে স্থায়ী পদে 12-15000/- আয়ের সুযোগ। অনভিজ্ঞ গৃহবধূরাও স্বাগত। 85850-93249.

□

টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ মোবাইল ফ্রি। নাম-ঠিকানা: Call/WApp/ SMS: 98317-71154, 98317-72379.

□

কলকাতার অফিসে কম্পিউটার জানা Sales Marketing-এ অভিজ্ঞ পুরুষ ও মহিলা চাই। Contact - 80172-62626/ 90512-62626.

□

বয়স্ক, সচল দম্পতির সংসারে সবরকম গৃহস্থালী কাজের জন্য কর্মঠ, নীরোগ, নম্র মহিলা প্রয়োজন। কাজের সময় 9 am - 7 pm. বেতন 8000/- + দুপুরের আহার + টিফিন। 98368-42400.

□

পারুল প্রকাশনী প্রাঃ লিঃ-এ Indesign-এ দক্ষ DTP Operator এবং Illustrator বা Coreldraw ও Photoshop-এ দক্ষ Designer প্রয়োজন। উপযুক্ত প্রার্থী info.gds52@gmail.com-এ বায়োডাটা e-mail করুন।

□

৬ মাসে ইন্টিরিয়র (CAD/MAX/ VRAY) প্রাক্টিস, জুয়েলারি ডিজাইন, 2D & 3D Animation শিখে নিশ্চিত কাজের সুযোগ, AHT (বালি/চাঁদনি/বেহালা/ কাড়গ্রাম) 92315-06999.

□

Experienced for Warehousing Logistics of FMGC Unit at Dankuni, knowledge in advance Excel ERP for inventory other operations, Age 30+. Manager- 36000/-. Dy Managers- 25000/- Graduate floor Supervisors 16000/- (Above Salary per month including all benefits for all posts and free accommodation for Dankuni Unit). Joining immediately. Send CV to- soham@sohamnet.com

□

Required Marketing / Sales Manager & Accountant, for a reputed printing packaging firm. Contact: 99033- 84333.

□

পারুল প্রকাশনী প্রাঃ লিঃ-এ নিম্নলিখিত বিষয়গুলির ওপর অভিজ্ঞ ও দক্ষ এডিটর এবং প্রুফ রিডার প্রয়োজন। বাংলা, ইংরেজি, গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, দর্শন, শিক্ষাবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ভূগোল, সংস্কৃত। বিষয়ভিত্তিক Post Graduate প্রার্থী info.gds52@gmail.com-এ বায়োডাটা e-mail করুন।

□

Kris Beauty Parlour সল্টলেকে বিউটিশিয়ান চাই। Call: Sudipta Dey (Cosmetologist) 98361-37388, 90516-54321 Opp City Center.

□

ব্যাঙ্কিং কালেকশন এর জন্য Debt Recovery Agent বিল্ড এক্সিকিউটিভে ও টেলি কলার প্রয়োজন Salary 10000+ Commission 89105- 92840/84200-34477. 11 AM-4 PM.

□

Kol. based a reputed construction Co urgently reqd Accountant Receptionist Exp Site Supervisor. Mail ur CV: rciplhr38@gmail.com

□

Wanted Asst. Engineer (DME) with Autocad knowledge for design department. Min 3 yrs experienced candidates may apply to vacancy0720@gmail.com

□

কর্মখালি

ফার্নিচার দোকানে বা লাইনের কাজ জানা অভিজ্ঞ সেলস ম্যান প্রয়োজন। Mobile No-(7980153752) (Time 11 AM to 8 PM). *

□

কলেজ স্ট্রিটে প্রকাশনা সংস্থায় ইনডিজাইন, 4 Colour জানা দক্ষ অপারেটর চাই। এছাড়া প্রুফ রিডিং ১ জন, বই মার্কেটিং ১ জন ও অ্যাকাউন্টসে ১ জন করে অভিজ্ঞ লোক চাই। Ph: 90074-25379/98743-78128.

□

বিখ্যাত MNC-তে ট্রেনিং ও মোটিভেশনের জন্য স্থায়ী ম্যানেজার পদে সরাসরি নিয়োগ। বয়স: 25-65. আয় 6 Lakh p.a. Fixed + Inc. Retd/গৃহবধূ স্বাগত- 98741-39992.

□

Required experienced person for the role of School Bus Manager. Automobile diploma holders preferred. Send CV to: info@stfx online.com Enquiries: 83349- 36377.

□

MNC-তে সেন্ট্রাল/স্টেট গভঃ থেকে Retd.-দের অফিস জবে নিয়োগ চলছে Attractive Salary-সহ Offer Letter দেওয়া হবে 55-65yr. 62891-07061 62913-12844.

□

পুরীর হোটেলে সত্বর প্রয়োজন- হাউস কিপিং 7-8K, ইন্ডিয়ান কুক 12-14K, ইন্ডিয়ান কমি 8-10K. খাওয়া/থাকা-সহ। ফোন: 79800-00237, 87778-72621.

□

ক্লিনিকাল ট্রায়াল লজিস্টিকস কোম্পানির জন্যে বাইক ও গাড়ি চালানোর জন্যে একটি ভেকেন্সি আছে। স্যালারি 15K pm + মেডিকেল ইন্সুরেন্স + এক্সিডেন্টাল বেনিফিট। 98311-21711.

□

ঈশ্বর চন্দ্র পাল
গঙ্গা প্রসাদ পাল

অভিজ্ঞ শাড়ির সেলসম্যান ও পাস দোকানদার চাই। ২০৭/৩ মহাত্মা গান্ধী রোড, বড়বাজার (সোনাপট্টি মোড়) কলকাতা-৭০০০০৭, ফোন- ৯৭৩৩৮ ৬৬৫৫৬, ৯০৩৮৯০৬৯২৯।

□

অভিজ্ঞ সেলসম্যান চাই। শ্যামবাজার জুয়েলারি দোকানের জন্য, Male Candidate চাই। M-83348-43352 Mail Id- iamsayanroy619@gmail.com

□

Urgent required Marketing Co- ordinator, Ex-Banker Team Leader for Pvt. Ltd Company Ph. 70441- 90529 Send CV- info.recruitment 121@gmail.com

□

151 years renowned India's top Co with a income Rs. 50k & foreign convertion. Reqd graduate (+) 40- 65yr Retired VRS housewife preferred. 98300-10675.

□

প্রতিষ্ঠিত জুয়েলারি সংস্থায় অ্যাকাউন্ট্যান্ট, ক্যাশিয়ার (কম্পিউটার জানা আবশ্যক), সেলস পার্সন (Male/ Female) চাই। অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার। M: 81003-63734/ pratims28@gmail.com

□

Books.Com/ বাড়ি বসে হাতে লিখে/ Comp টাইপ করে/ হাতে ফর্ম ফিলাপ করে প্রতি সপ্তাহে ৬০০০/ মাসে ৩০০০০ গ্যারান্টি আয় করুন। 85840- 78118, 89024-48939.

□

Excellent opportunity in marketing HR in an established company Need a graduate, confident, smart min 1-2 years experienced (M/F) candidate. Age - 20-27 Yrs, salary - 15-25K. M: 74396-11838/96350-75120.

□

কর্মখালি

Job Opportunity with a System integrator as a Field Service Engineer, experience in Telecom, Video Conf, Networking, CCTV allied products. Mail your resume to job@sankurindia.com

□

রেজিঃ ফার্মাসিস্ট চাই বেলেঘাটায় প্রসিদ্ধ ঔষধের দোকানে, full time/part time রেজিস্টার্ড ফার্মাসিস্ট প্রয়োজন। Ph: E.M.H. - 98300-17175.

□

Reqd. Male Sales Exec. at South Kolkata. Min. 2yr. Exp. Graduate, Basic Computer. Salary, PF, ESI, Inc. Bonus. Send CV- clsappls@ gmail.com

□

কোলকাতায় Back Office-এর বিভিন্ন কাজের জন্য Hindi/English জানা অভিজ্ঞ/অনভিজ্ঞ মহিলা Telecallers চাই। মাসিক আয় 7,500/- - 17,500/-. Call/Wapp: 74070-41002.

□

Retired / VRS / Govt / PSU-দের সম্মানের সঙ্গে কাজের সুযোগ বিখ্যাত Finance Co-তে। Age 35-65 yrs, Graduate. কলি অফিস। যোগাযোগ: 90517-07815.

□

Efficient Accountant, Office Executive with online work exp. Site Supervisor for Electrical & Interior Decoration work need. Send CV with min expectation: ptechno yahoo.co.in 98745-64224.

□

Wanted Draughtsman, Autocad Operator 2D 3D (Diploma Architecture) in and around Dumdum, 24 Pgs.(N). Contact: info@djcon.org

□

উচ্চ পদে Retd/VRS-প্রাপ্তদের জন্য পার্টটাইম ম্যানেজারের সুযোগ। বয়স 50-64, H.S + বিটায়ার্ডদের জন্য বিশেষ সুযোগ। আয় 45Kpm + Others রায়- 82401-86797.

□

অভিজ্ঞ অ্যাকাউন্ট্যান্ট চাই, Tally, GST, TDS Balance Sheet জানা। হাওড়া আব্দুল রোড পোদরা প্রতিষ্ঠিত কোম্পানিতে। Contact: 98301-23003 সকাল ১১টা থেকে ৩টে।

□

Biocruz Pharmaceuticals-এর Cosmetic ডিভিশনে, সমস্ত জেলায় Sales Representative, Sales officer (2-3yr Exp) নিয়োগ হবে। Call: 97335-29834.

□

Development Manager Reqd for a Corporate House, Age 40-63, Graduate. Pref. EX Banker/Retd/ VRS (PSU) Pay-No Bar. Contact: 89103-93330.

□

Required Video Editor (Male/ Female), Anchor (Beng & Hindi) Female, Cameraman for an upcoming channel. Whatsapp CV: 98316-96670.

□

Trophy junction at College Street requires Counter Sales Girl/ Sales Man Salary 9000/- pm plus PF, ESI. mail at jobstrophyjunction @yahoo.com

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৯ ডিসেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

কর্মখালি

Required experienced Accountant (Male/Female) in South Kolkata with knowledge of Tally-Attractive Remuneration. Ph: 98310-16848.

□

বিখ্যাত কোম্পানীতে স্থায়ী পদে নিয়োগ (Male/Female) H.S+, বয়স: 22-55, মাসিক আয়- 30,000/- VRS Housewife আবেদনযোগ্য। 70038- 45960/96746-32224.

□

কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে ও ব্যাঙ্ক DSA-তে স্থায়ী জব। যোগ্যতা ৮ম - স্নাতক, বেতন 17800 - 48900/- উর্দ্ধে। Male/Female নিয়োগ চলছে। M:- 96474-05461.

□

গভঃ স্বীকৃত Airport এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক DSA-তে 176 জন ৪র্থ - স্নাতক কর্মী চাই। বেতন 17300/- - 42700/-. পদ- SV, Asst. S.V. M: 84361-78589.

□

এলাকাভিত্তিক খাবার প্যাকিং এ বেতন 8 - 12K ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে যাত্রীদের খাবার প্যাকিং 14 - 18K বেতনে ৮ ঘন্টা স্থায়ী কাজ ছেলে/ মেয়ে চাই। 82740-75374.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস্ কোম্পানীতে 40 জন male/ female চাই। PF ESI OT বেতন: 13k- 45k. 70446-88993.

□

Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশানে কর্মী নিয়োগ চলছে। পদ S.V, ক্লার্ক, ট্রলিবয়, পিওন। বেতন: 14800/- - 46300/-. M: 80011-71770.

□

Pvt ব্রিটানিয়া আশীর্বাদ Pepsi ফরচুন DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 30 male/ female নিয়োগ। ESI PF OT বেতন: 13k-40k. 89614-99989.

□

Female টেলিকলার চাই সোদপুরে নামী কোম্পানিতে (DHCL) টেলিকলার চাই। সরাসরি যোগাযোগ: 99037-24374, Email: lina.debrupayan@gmail.com

□

কর্মখালি

জাহাজে ও ডকে স্থায়ী জব

WB Kol-L/C NO WB AL 70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 186 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 19750/- - 46,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা। Help: 83273-29779.

□

Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং

গভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/ স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- - 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব Govt. Reg. No-6987

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- - 49,400/- থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব Govt. Reg. No-6987

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- - 49,400/- থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

□

কর্মখালি

জেলাভিত্তিক স্থায়ী কাজ

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co. ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- - 22,500/-). M: 90515-60042.

□

ডাইরেক্ট 5 দিনে স্পট জয়েনিং

গভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসে Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে ৪ম/স্নাতক 225 জন কর্মী চাই। বেতন: 17,700/- - 48,300/-, থাকা খাওয়া ফ্রী। Ex আর্মী বিশেষ সুবিধা। M: 75518-78948.

□

ফোন করলেই চাকরি

Govt. R-No.- 5783 বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম /স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- - 42,900/-, থাকা খাওয়া ফ্রী। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

স্কুল-কলেজ-শিক্ষা

GNM নার্সিং ট্রেনিং 3 Years

INC and KNC Approved Internship করে নামকরা নার্সিং হোম ও হসপিটালে কাজ করার সুনিশ্চিত সুবিধা। Hostel Available. Global Technical Institute, বেলেঘাটা, ফুলবাগান, 92315-51285 / 92301-13485.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

স্টেট ব্যাঙ্কে ৩১৮ অফিসার

প্রথম পাতার পর

থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১২-১৯৯১ থেকে ১-১২-২০০০ তারিখের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি মাসে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, হুগলি ও কল্যাণী। অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে। প্রথম পর্বে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ব্যাঙ্কিং নলেজ, জেনারেল অ্যাওয়ারনেস/ইকনমি ও কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ে। মোট নম্বর ১২০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্বে ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন হবে লেটার ও এসে রাইটিং বিষয়ে। মোট নম্বর ৫০। সময় ৩০ মিনিট। ইন্টারভিউ ৫০ নম্বরের।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http:// bank.sbi অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), জন্মতারিখের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, অভিজ্ঞতার সার্টিফিকেট/অ্যাপয়েন্টমেন্ট লেটার, জব প্রোফাইল, প্রার্থীর জীবনপঞ্জি, ফর্ম-১৬/স্যালারি স্লিপ (সব ক'টি পি ডি এফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট ও ফি ডিটেইলস-সহ পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০২২-২২৮২-০৪২৭ (যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওরগাঁওয়ের সেন্ট্রাল বোর্ড অব ইরিগেশন অ্যান্ড পাওয়ার। কোর্সটির নাম: 'পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেম উইথ অটোমেশন এস সি এ ডি এ/ডি এম এস'। কোর্সের মেয়াদ ২৬ সপ্তাহ। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

আসনসংখ্যা: ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

বয়সের কোনও উর্ধসীমা নেই। কোর্স ফি: নন-স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৮০,০০০ টাকা, স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ১ লাখ টাকা।মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। মেধাতালিকা প্রকাশিত হবে ২৯ ডিসেম্বর। আবেদনের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cbip.org

রেল ল্যান্ড ডেভেলপমেন্টে অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

সিভিল শাখায় ৪৫ জন অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে রেল ল্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পশ্চিমবঙ্গের নিউ জলপাইগুড়ি ও আসানসোল-সহ দেশের বিভিন্ন রাজ্যের স্টেশনে ৩ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর RLDA/CONTRACT/2021/02.

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। এম টেক বা এম ই ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে (সাবজেক্ট কোড সি ই) পাশ করে থাকতে হবে।

বয়স: ২৩-১২-২০২১ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

বেতন: নির্দিষ্ট মাসিক ৫৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: https://rlda.indianrailways.gov.in পূরণ করা আবেদনপত্র, জন্মতারিখের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র পি ডি এফ ফর্ম্যাটে ২০ এমবি সাইজের মধ্যে স্ক্যান করে ২৩ ডিসেম্বরের মধ্যে মেল করতে হবে এই আই ডি-তে: psecontract@gmail.com.

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নেভিতে খেলোয়াড়

প্রথম পাতার পর

রেসলিং, স্কোয়াশ, ফেন্সিং, গল্ফ, টেনিস, কায়াকিং অ্যান্ড কানোয়িং, রোয়িং, শুটিং, সেলিং অ্যান্ড উইন্ড সার্ফিং।

এন্ট্রি অনুসারে শিক্ষাগত যোগ্যতা: ডিরেক্ট এন্ট্রি পেটি অফিসার: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা**: দলগত ইভেন্টের ক্ষেত্রে জুনিয়র বা সিনিয়র স্তরে আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ব্যক্তিগত ইভেন্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট খেলায় জাতীয় স্তরে সিনিয়র লেভেলে অন্তত ষষ্ঠ স্থান বা জুনিয়র লেভেলে অন্তত তৃতীয় স্থান বা ইন্টার ইউনিভার্সিটি মিটে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। **জন্মতারিখ**: ১-২-২০০০ থেকে ৩১-১-২০০৫-এর মধ্যে।

সিনিয়র সেকেন্ডারি রিক্রুট: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা**: আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। **জন্মতারিখ**: ১-২-২০০১ থেকে ৩১-১-২০০৫-এর মধ্যে।

ম্যাট্রিক রিক্রুট: শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা**: আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। **জন্মতারিখ**: ১-৪-২০০১ থেকে ৩১-৩-২০০৫-এর মধ্যে।

দৈহিক মাপজোক: উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতা অনুসারে ওজন হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

দৃষ্টিশক্তি: সিনিয়র সেকেন্ডারি রিক্রুট এন্ট্রির ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯, চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৬। ম্যাট্রিক রিক্রুট এন্ট্রির ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬, চশমা-সহ ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/৯।

প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। শিরাস্ফীতি, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি থাকলে চলবে না। বর্ণান্ধতা বা রাতকানা অসুখ থাকলে চলবে না।

খেলাধুলার যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের ট্রায়ালের জন্য ডাকা হবে। উত্তীর্ণদের মেডিক্যাল এক্সামিনেশন হবে মুম্বইয়ের আই এন এস হামলায়।

ট্রেনিং হবে আই এন এস চিলিকায়। তার পর প্রফেশনাল ট্রেনিং হবে বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.joinindiannavy.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। আরেকটি ফটোর পিছনে প্রার্থীর নাম ও সই করে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।

✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓এন সি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

✓নিজের নাম-ঠিকানা লেখা ২২×১০ সেমি মাপের দু'টি খাম। একটি খামের ওপর ১০ টাকার স্ট্যাম্প সেঁটে দেবেন।

দরখাস্ত ভরা খয়েরি রংয়ের খামের উপর এন্ট্রি, ব্যাচ নম্বর, যে-খেলার সঙ্গে যুক্ত তার নাম ও কোন স্তরে প্রতিনিধিত্ব করেছেন লিখে দেবেন।

সাধারণ ডাকে ২৫ ডিসেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছনো চাই এই ঠিকানায়: THE SECRETARY, INDIAN NAVY SPORTS CONTROL BOARD, INTEGRATED HEADQUARTERS OF MINISTRY OF DEFENCE (NAVY), 7th Floor, Chanakya Bhawan, Chanakya Puri, New Delhi- 110 021.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ভারত ইলেক্ট্রনিক্সে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-১২-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা এবং দ্বিতীয় বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bel-india.in

ফি বাবদ স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অফলাইনে ফি দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন: ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের মার্কশিটের নকল। ✓সেমেস্টার অনুসারে বি ই বা বি টেকের মার্কশিটের নকল। ✓বি ই বা বি টেক ডিগ্রি সার্টিফিকেটের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল। ✓পূর্ব অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত একটি রচনা। ✓নো অবজেকশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ফি দিয়ে পাওয়া রিসিপ্ট।

দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে ২৬ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Manager (HR/ES & SW), Bharat Electronics Limited, Jalahalli Post, Bengaluru – 560013. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০৮০-২২১৯ ৫৩৩০।

বিজ্ঞাপন

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ANM নার্সিং কোর্স। আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর : 9073943491/9073943497/9051024448, মৌলালী : 9874747039/9830008223, বাঘাযতীন : 9874644112, হাওড়া : 9051013504, ব্যারাকপুর : 9874644116, দুর্গাপুর : 9874747030, পশ্চিম মেদিনীপুর : 9073915861, মালদা : 9051013501, রায়গঞ্জ : 9874644113, বালুরঘাট : 9874747032, শিলিগুড়ি : 9051013502, জলপাইগুড়ি : 9874644115, কোচবিহার : 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। ANM নার্সিং কোর্সের আবেদনপত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।

Advt

V-GUARD

V-Guard one of India's leading electric/electronic/ electro mechanical consumer brand

Requires for its Factory:

Electrician

ITI trade holder with 5-7 years hands on experience in the field of HTLT line and control panel

Fitter/Welder

ITI trade holder with 5-7 years hands on experience in mechanical & electrical equipment and having experience in the field of hydraulic systems for fitter.

Interested candidates may send their updated resume to:

V-GUARD INDUSTRIES LTD.,
Mamring Village, P.O. Rangpo,
Namchi Namthang Road, South Sikkim
Mob: 8116386864/ 9083710977/8217556152

ব্রহ্মপুত্র ক্র্যাকার্স অ্যান্ড পলিমারে ১২১ অ্যাপ্রেন্টিস

১২১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ব্রহ্মপুত্র ক্র্যাকার্স অ্যান্ড পলিমার লিমিটেড। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনসংখ্যার বিবরণ: **গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস**: মোট আসন: ৮৪টি। শাখানুসারে আসনসংখ্যা: মেকানিক্যাল ২০টি, কেমিক্যাল ২০টি, ইলেক্ট্রিক্যাল ১৫টি, ইনস্ট্রুমেন্টেশন ১৮টি, টেলিকম ৩টি, কম্পিউটার সায়েন্স ৩টি, সিভিল ৫টি।

টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস: মোট আসন: ৩৭টি। শাখানুসারে আসনসংখ্যা: মেকানিক্যাল ৯টি, কেমিক্যাল ১০টি, ইলেক্ট্রিক্যাল ৮টি, মডার্ন অফিস ম্যানেজমেন্ট ১০টি।

স্টাইপেন্ড: প্রতি মাসে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৯,০০০ টাকা এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৮,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক, টেকনিশিয়ানের ক্ষেত্রে ডিপ্লোমা। ২০১৯-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

স্টাইপেন্ড: প্রতি মাসে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৯,০০০ টাকা এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২০ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য ই-মেল করতে পারেন এই ঠিকানায়: bcplapprentices@bcplindia.co.in

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

হলদিয়া-তে বহালের জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ ডিভিশন, হলদিয়া ডক কমপ্লেক্স, এসএমপি, কলকাতা অধীন ঠিকাচুক্তির ভিত্তিতে ০১** (একজন) ডেঃ কাস্টার অ্যান্ড সিকিউরিটি অফিসার এবং ০১** (একজন) সিকিউরিটি অফিসার নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। উপযুক্ততার শর্ত ও অন্যান্য বিবরণের জন্য www.smportkolkata.shipping.gov.in-তে লগ অন করুন। সম্পূর্ণভাবে পূরণ করা দরখাস্ত গ্রহণের শেষ তারিখ: ০৬.০১.২০২২। (**ভবিষ্যতে বাড়তে/কমতে পারে)

টেরেস এস্টেট
ইউনাইটেড প্ল্যান্টেশন লিমিটেড
নাড়ুভট্টম, দ্য নীলগিরিজ
কর্পোঃ অফিস: নং ৭৮, চেরান টাওয়ার্স, ৫ম তল, আটস কলেজ রোড, কোয়েম্বাটুর, তামিলনাড়ু

নিয়োগ করবে ৫টি, তামিলনাড়ু-তে একটি টী এস্টেটের জন্য কতিপয় শ্রমিক

পুরুষ/মহিলা শ্রমিক – ২০০ জন পরিবার

বেতন: টাঃ ১০,০০০ + পিএফ + ইনসেনটিভ। বয়স: ২০ থেকে ৩০ বছর

আইটিআই (উত্তীর্ণ) প্রার্থী – ৩০ জন

(ইলেক্ট্রিশিয়ান, প্লামার, ম্যাসন, কার্পেন্টার) অভিজ্ঞতা: কমপক্ষে ৩ বছর

সঠিক প্রার্থীর জন্য বেতন কোনও বাধা নয়

ফ্রি অ্যাকোমোডেশন, পিএফ, ইনসেনটিভ, গ্র্যাচুইটি, ইন্সুরেন্স, বোনাস, ছুটির বদলে টাকা ও অন্যান্য সুবিধা দেওয়া হবে।

সরাসরি আসুন: অ্যাডমিন অফিস: ৭ঠ, চেরান টাওয়ার্স, গভঃ আর্টস কলেজ রোড, কোয়েম্বাটুর - ৬৪১ ০১৮

99408 65683, 99408 65683 www.cheranglobal.com

DELHI PUBLIC SCHOOL
NEWTOWN, KOLKATA
(under the aegis of the DPS Society, New Delhi)
(Affiliated to CISCE : ICSE and ISC)

Applications are invited from experienced candidates with good academic record, excellent communications skills and interest in co-curricular activities for the following posts :

1. **Teachers for Senior Secondary Classes (PGT)** : For English, Physics, Chemistry, Biology, Mathematics, Economics, Commerce, Accounts, Legal Studies, Computer Science, History, Geography, Sociology, Psychology, Political Science and Physical Education. **Eligibility** : Post Graduate with B.Ed. and experience of over 5 yrs in any reputed school.
2. **Teachers for Secondary Classes (TGT)** : For English, Physics, Chemistry, Biology, Mathematics, Computer Science, History, Geography, Bengali, Hindi, French and German. **Eligibility** : Graduate with Honours/Post Graduate with B.Ed and experience of over 5 yrs in any reputed school.
3. **Teachers for Primary Classes (PRT)** : For Pre-Primary, English, Mathematics, General Science, Social Studies, Computer Science, Dance, Music and Physical Education. **Eligibility** : Graduate with Honours/Post Graduate with B.Ed./relevant professional qualification and experience of over 5 yrs in any reputed school.

Salary & Allowances as per rules of DPS Society, New Delhi (VIth Pay Commission). Candidates are requested to send their applications with all relevant information about educational background, qualifications, academic scores, professional training, experience, present salary, etc. within 10 days through email to

hrdps@dpsn.org.in

Only Short-listed candidates will be called for Interview.

কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ নভেম্বর-২৪ নভেম্বর

১৭ নভেম্বর কুলভূষণ মামলায় ফের কিছুটা পিছু হটল পাকিস্তান। প্রাক্তন নৌসেনা কুলভূষণ যাদবকে ২০১৭-য় চরবৃত্তির অভিযোগে মৃত্যুদণ্ডের সাজা দিয়েছিল পাকিস্তান। কিন্তু আন্তর্জাতিক আদালতের রায়ে মৃত্যুদণ্ড বলবৎ করতে পারেনি ইসলামাবাদ। আন্তর্জাতিক আদালতের চাপেই এদিন নতুন বিল পাশে বাধ্য হল পাকিস্তান। যার ফলে, এবার মৃত্যুদণ্ড খারিজের আর্জি জানাতে পারবেন কুলভূষণ।

বাতিল কৃষি আইন

১৯ নভেম্বর: দেশজোড়া কৃষক আন্দোলনের চাপে তিন কৃষি আইন বাতিল করল কেন্দ্র। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সরকারের আনা তিনটি কৃষি আইন প্রত্যাহারের সিদ্ধান্ত ঘোষণা করে ক্ষমাপ্রার্থনা করলেন দেশবাসীর কাছে। তিনি বলেন, 'দেশবাসীর কাছে ক্ষমা চেয়ে, সৎ মন এবং পবিত্র হৃদয়ে বলতে চাই যে, হয়তো আমাদের তপস্যায় কোনও খামতি রয়ে গিয়েছিল। যে কারণে প্রদীপের আলোর মতো সত্য কিছু কৃষক ভাইকে আমরা বোঝাতে পারিনি।' উল্লেখ্য, গুজরাট দাঙ্গা, নোটবন্দি, জিএসটি, সিএএ— প্রশাসক হিসেবে দীর্ঘ সময়ে একাধিকবার মোদীর ভূমিকা এবং সিদ্ধান্ত বড়সড় প্রশ্নের মুখে পড়েছে। কিন্তু বরাবরই নিজের সিদ্ধান্তে অটল থেকেছেন মোদী। যদিও করোনায় লকডাউনের জেরে পরিযায়ী শ্রমিক ও সাধারণ মানুষের দুর্দশার জন্য একবার ক্ষমাপ্রার্থনা শোনা গিয়েছিল প্রধানমন্ত্রীর মুখে। তবে তার সঙ্গে এদিনের ক্ষমাপ্রার্থনার তুলনা চলে না।

১৯ নভেম্বর এক ঘন্টা পঁচিশ মিনিটের জন্য মার্কিন প্রেসিডেন্টের দায়িত্ব নিলেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। হোয়াইট হাউসের তরফে জানানো হল রেগুলার হেলথ চেকআপের অংশ হিসেবে প্রেসিডেন্ট বাইডেন কিছুটা সময় অ্যানাস্থেশিয়ার ঘোরে থাকার সময় প্রেসিডেন্টের দায়িত্ব সামলান হ্যারিস। খাতায় কলমে এই প্রথম মার্কিন প্রেসিডেন্টের কাজ পালন করলেন কোনও মহিলা।

ভারত ও চিন সম্পর্ক এখন বেশ খারাপ পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছে বলে জানালেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। ভারতের মাটিতে চিনের নির্মাণ নিয়ে সরাসরি কোনও মন্তব্য না করলেও জয়শঙ্কর বলেন, 'আমাদের সম্পর্ক যে এখন ঠিক নেই, আশা করি এ ব্যাপারে চিনের কোনও সংশয় নেই। চিনের বিদেশমন্ত্রী ওয়াং ওয়াইয়ের সঙ্গে আমার একাধিকবার সাক্ষাৎ হয়েছে। আমি স্পষ্ট করে অবস্থান জানিয়ে দিয়েছি। কিন্তু তারপরও চিন বেশ কিছু পদক্ষেপ করেছে, যা চুক্তির পরিপন্থী, তার কোনও ব্যাখ্যাও চিন দিতে পারেনি। এটাই বুঝিয়ে দেয় দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে ভাবার সময় এসেছে।'

টি-টোয়েন্টি বিশ্বকাপে শোচনীয় ভরাডুবির পর দেশের মাটিতে ঘুরে দাঁড়াল ভারত। পর পর দু'ম্যাচ জেতার সুবাদে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজ দখল করল তারা। রোহিত শর্মা-রাহুল দ্রাবিড় জুটির এই অনায়াস সিরিজ জয় এল রাঁচিতে। ৭ উইকেটে এই জয় পেল তারা। গত ৭ বছর ধরেই আইসিসি-র বড় টুর্নামেন্টের নকআউটে নিজেদের ক্ষমতা অনুযায়ী পারফর্ম করতে পারেনি ভারত। এই খামতি শুধরানোই হবে নতুন কোচ হিসেবে দ্রাবিড়ের সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

বানভাসি অন্ধ্র, মৃত ২৯, নিখোঁজ শতাধিক

২০ নভেম্বর: লাগাতার বৃষ্টির জেরে বিপর্যস্ত অন্ধ্রপ্রদেশে অন্তত ২৯ জনের মৃত্যুর খবর পাওয়া গেল। বানভাসি রাজ্যে নিখোঁজ রয়েছেন শতাধিক। জেলায় জেলায় উদ্ধার কাজ চালিয়ে যাচ্ছে এনডিআরএফ। এছাড়াও রাজ্য বিপর্যয় মোকাবিলা দপ্তর, অন্ধ্র পুলিশ-সহ আরও কয়েকটি সরকারি বিভাগও উদ্ধার কাজে সামিল হয়েছে। পরিস্থিতি কোথাও কোথাও এতটাই খারাপ হয় যে বায়ুসেনার এমআই-১৭ হেলিকপ্টার থেকে দড়ি নামিয়ে দুর্গতদের উদ্ধার করা হয়। রায়ালসিমা এলাকার চিত্তুর, কাডাপ্পা, কুর্নুল, অনন্তপুর জেলা কার্যত জলের নীচে। অন্ধ্রের দক্ষিণ উপকূলবর্তী বেশ কয়েকটি জেলাও জলবন্দি।

২০ নভেম্বর কেন্দ্রের তরফে 'স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার ২০২১' ঘোষণা করা হল। ২৮ দিন ধরে ৪,৩২০টি শহরের ৪.২ কোটি মানুষের উপর সমীক্ষা চালিয়ে কেন্দ্রীয় নগরোন্নয়ন মন্ত্রকের পক্ষ থেকে ভারতের সবচেয়ে স্বচ্ছ শহর, রাজ্যের তালিকা প্রকাশ করেছে মন্ত্রক। তালিকায় স্থান পায়নি পশ্চিমবঙ্গ বা কলকাতা। একলক্ষের বেশি জনসংখ্যা বিশিষ্ট শহরের মধ্যে স্বচ্ছতম ইন্দোর (পরপর পাঁচবার প্রথমস্থান)। তারপরেই সুরাট, বিজয়ওয়াড়া। এক লক্ষের কম জনসংখ্যা বিশিষ্ট শহরের মধ্যে স্বচ্ছতম মহারাষ্ট্রের ছিটা। এরপরই লোনাভালা, সাসওয়াড়। গঙ্গা তীরবর্তী স্বচ্ছতম শহর বারাণসী। তারপরই মুঙ্গের, পাটনা। শতাধিক পুরসভাবিশিষ্ট রাজ্যের মধ্যে স্বচ্ছতম ছত্তিসগড়, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ। ১০০-র কম পুরসভা বিশিষ্ট রাজ্যের মধ্যে স্বচ্ছতম প্রথম তিন স্থানে ঝাড়খণ্ড, হরিয়ানা ও গোয়া।

মাদক মামলায় শাহরুখ-পুত্রের বিরুদ্ধে ষড়যন্ত্রের কোনও প্রমাণ মেলেনি বলে জামিনের বিস্তারিত অর্ডারে জানিয়ে দিল বম্বে হাইকোর্ট। ২৮ অক্টোবর প্রমোদতরীর মাদক মামলায় অভিযুক্ত আরিয়ান খানের জামিন মঞ্জুর করে হাইকোর্ট। ৩০ অক্টোবর আর্থার রোড জেল থেকে ছাড়া পান আরিয়ান। এদিন প্রকাশ্যে এল বম্বে হাইকোর্টের জামিনের বিস্তারিত অর্ডার। জামিনের অর্ডারে বলা হয়েছে, আরিয়ানের মোবাইল থেকে যে হোয়াটস অ্যাপ চ্যাট মিলেছিল, তাতে আপত্তিকর কিছুই নজরে আসেনি।



"ভারতীয় কৃষকদের অভিনন্দন। শুধু এইজন্য নয় যে, তাঁরা নিজেদের দাবিতে উঠে দাঁড়িয়েছেন। বরং গোটা দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য, আশার আলো দেখানোর জন্য অভিনন্দন।"

কৌশিক বসু, *বিশ্বব্যাঙ্কের প্রাক্তন মুখ্য অর্থনীতিবিদ*
কৃষক আন্দোলনের সাফল্যে

বীরচক্র পেলেন অভিনন্দন



২২ নভেম্বর: ভারতীয় বায়ুসেনার অন্যতম সদস্য অভিনন্দন বর্তমানকে বীরচক্র সম্মানে ভূষিত করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ২০১৯ সালের ২৭ ফেব্রুয়ারি পাকিস্তানের এফ-১৬ যুদ্ধবিমানকে গুলি করে নামান তিনি। মিগ-২১-এ সওয়ার অভিনন্দন নিজেও পাক আকাশে ঢুকে পড়ায় পাল্টা পাক হামলায় তাঁর বিমান আঘাতপ্রাপ্ত হয়। প্যারাসুটে পাক ভূখণ্ডে অবতরণ করার পর তাঁকে গ্রেপ্তার করে পাক প্রশাসন। পরে অবশ্য কূটনৈতিক চাপে তাঁকে মুক্তি দেয় তারা। অভিনন্দনের পাশাপাশি এদিন মরণোত্তর 'কীর্তি চক্র' পেয়েছেন প্রকাশ যাদব। এছাড়াও মরণোত্তর 'সূর্য চক্র' পেয়েছেন মেজর বিভূতিশঙ্কর ধৌনদিয়াল এবং নায়েব সুবেদার সোম্বির।

দেড় দশকের ক্ষমতা হারালেন মের্কেল

২৪ নভেম্বর: জার্মানিতে কার্যত শেষ হয়ে গেল অ্যাঙ্গেলা মের্কেল-এর জমানা। সে দেশে ভোট হয়েছিল গত সেপ্টেম্বরে। দীর্ঘ জল্পনার পরে এদিন সরকার গঠনে জোট সুনিশ্চিত করল মধ্য-দক্ষিণপন্থী সোশ্যাল ডেমোক্র্যাট। জোটে তাদের সঙ্গে থাকছে ফ্রি ডেমোক্র্যাটিরাও। মের্কেলকে যে চ্যান্সেলর পদ থেকে সরতে হচ্ছে ভোটের ফল বেরনোর পরেই তা স্পষ্ট হয়ে গিয়েছিল। ভোটে হেরে যায় প্রায় ১৬ বছর ক্ষমতার কেন্দ্রে থাকা মের্কেলের দল ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স।

২১ নভেম্বর কৃষকদের বকেয়া দাবি-দাওয়া পূর্ণ করতে অবিলম্বে বৈঠক ডাকার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে খোলা চিঠি লিখল সংযুক্ত কিষাণ মোর্চা। কৃষকরা আগেই জানিয়েছিলেন সংসদের শীতকালীন অধিবেশনে বিল নিয়ে এসে কৃষি আইন প্রত্যাহার এবং অন্যান্য দাবি পূরণ না হওয়া অবধি আন্দোলন চলবে। সেই দাবিই বিস্তারিত জানিয়ে এদিনের খোলা চিঠিতে আন্দোলনকারীরা জানিয়েছেন, ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) নিশ্চিত করতে আইন প্রণয়ন, লখিমপুর খেড়ির ঘটনায় প্রধান অভিযুক্ত আশিসের বাবা কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় মিশ্রকে বরখাস্ত করা, কৃষক আন্দোলনে প্রাণ হারানো ৭০০ কৃষক পরিবারের জন্য ক্ষতিপূরণ, প্রতিবাদী কৃষকদের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের মতো দাবি।

কোভিড ঠেকাতে বুস্টার ডোজ নয়, দেশজুড়ে দু'ডোজের গণটিকাকরণেই আগ্রহ প্রকাশ করলেন কেন্দ্রীয় বিশেষজ্ঞরা। সে কারণেই সরকারি স্তরে অগ্রাধিকার পাচ্ছে ৮০ শতাংশ দেশবাসীর সম্পূর্ণ টিকাকরণ। প্রথম ও দ্বিতীয় ঢেউয়ের মতো দেশজোড়া তৃতীয় ঢেউ আসার আশঙ্কা কেন্দ্রের বিশেষজ্ঞরা নস্যাৎ করলেও স্বাস্থ্যকর্তাদের মতে অতিমারি ঢিমে তালে চলতেই থাকবে। সে জন্যই করোনার জেরে প্রাণহানি ঠেকাতেই যত বেশি সম্ভব দেশবাসীকে দু'টি ডোজ টিকা দিতে চাইছেন কেন্দ্রীয় স্বাস্থ্যকর্তারা।

আইসিসি ক্রিকেট কমিটির শীর্ষে সৌরভ

১৭ নভেম্বর: আইসিসি-র ক্রিকেট কমিটির চেয়ারম্যান হলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। আইসিসি-র গভর্নিং বডি এই সিদ্ধান্ত নিয়েছে। ২০১২ সাল থেকে তিন বছরের মেয়াদে তিনবার চেয়ারম্যানের পদ সামলেছেন অনিল কুম্বলে। সেই মেয়াদ শেষ হওয়াতে তাঁর বদলে সম্মানীয় ক্রিকেট কমিটির দায়িত্ব দেওয়া হল বিসিসিআই প্রেসিডেন্টকে। অন্যদিকে, সৌরভ গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে ভারতীয় বোর্ডের জন্যও সুখবর শুনিয়েছে আইসিসি। ২০২৩ সালের ওয়ান ডে বিশ্বকাপ ছাড়াও ২০২৪ থেকে ২০৩১ সাল পর্যন্ত আরও তিনটে বিশ্বকাপ হবে ভারতে। সেই তিনটে বিশ্বকাপে ভারত সরকারকে যা কর দিতে হবে, সবটাই আইসিসি দেবে। ফলে আনুমানিক প্রায় ১,৫০০ কোটি টাকা খরচ বেঁচে যাবে ভারতীয় বোর্ডের।

২৩ নভেম্বর গোয়া, ত্রিপুরার পর হরিয়ানায় যাত্রা শুরু করল তৃণমূল। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই শুরু করলেন হরিয়ানার সাংগঠনিক ভিত্তিপ্রস্তর স্থাপনের কাজ। এদিন হরিয়ানায় প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অশোক তানওয়ার বাংলার মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে তৃণমূলে যোগ দেন। উত্তর ভারত, বিশেষত হরিয়ানা এবং পাঞ্জাবে যথেষ্ট শক্তিশালী নেতা হলেন অশোক। তাঁর বেশকিছু অনুগামীও যোগ দিয়েছেন তৃণমূলে।

ফিফা রেফারির তালিকাভুক্ত বাংলার অন্যতম নামী রেফারি সুধীন চট্টোপাধ্যায় (৮২) প্রয়াত হলেন। ফুটবলের রেফারি হিসেবে অজস্র বড় ম্যাচ দক্ষতার সঙ্গে পরিচালনা করলেও ১৯৮০ সালের ১৬ অগস্টের কুখ্যাত বড় ম্যাচের জন্যই তিনি বিশেষ ভাবে চিহ্নিত। ওই ম্যাচে তাঁর দেখানো জোড়া লাল কার্ডেই গ্যালারিতে মারামারি হয়। ১৬ জন দর্শক মারা যান। ফুটবলের পাশাপাশি হকি ও ক্রিকেটের আম্পায়ারিংয়েও সুনাম কুড়িয়েছিলেন তিনি।

২৪ নভেম্বর রাজ্যের নানা দাবি-দাওয়া নিয়ে বিকেলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শিল্প নাওয়ার আগেই প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচ্য হিসেবে মুখ্যমন্ত্রী বিশেষজ্ঞ-শিক্ষক, ত্রিপুরা পরিস্থিতি থেকে শুরু করে রাজ্যের নানা দাবিদাওয়ার উল্লেখ করেছিলেন। কিন্তু এদিনের বৈঠকের পর মমতা বন্দ্যোপাধ্যায় জানালেন, বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটের (বিজিবিএস) উদ্বোধনে আসবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীকে আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রীর ব্যাখ্যা, 'শিল্পের হাল খুব খারাপ, করোনার প্রভাব চলছে। অনেক দেশ শিল্প সম্মেলনে যোগ দেবে কি না, নিশ্চিত নয়। কিন্তু যদি কেন্দ্র-রাজ্যের সব বিভাগ মিলে এই সম্মেলন আয়োজন করতে পারে, তা হলে তা গোটা দেশের শিল্পকে দিশা দেবে, ভবিষ্যৎ সুনিশ্চিত করবে।'

বিতর্কিত তিন কৃষি আইন প্রত্যাহারের জন্য আনা বিল অনুমোদন করল কেন্দ্রীয় মন্ত্রিসভা। সংসদের আসন্ন শীতকালীন অধিবেশনে পেশ হতে চলেছে সেই বিল। গতবছর সেপ্টেম্বরে কৃষি সংস্কারের কথা বলে তিনটি নতুন বিল আনে সরকার, যা সংসদের দুই কক্ষে পাশ হয়ে আইনে পরিণত হয়। কিন্তু এই আইনের বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলনে নামেন দেশের কৃষকেরা। টানা বিক্ষোভের মুখে পড়ে অবশেষে পিছু হটে সরকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই তিন কৃষি আইন প্রত্যাহারের কথা নিজেই ঘোষণা করেন। এদিন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর ঘোষণা করেছেন 'তিনটি কৃষি আইন প্রত্যাহারের প্রক্রিয়া কেন্দ্রীয় মন্ত্রিসভা সেরে ফেলেছে।'

চল্লিশ বছর পর কলকাতা লিগ চ্যাম্পিয়ন মহামেডান

১৮ নভেম্বর: চল্লিশ বছর পর কলকাতা লিগ ফুটবল জিতল মহামেডান। ১৯৮১ সালে শেষবার এই খেতাব জিতেছিল তারা। এদিন যুবভারতীতে রেলওয়ে এফসিকে ১-০ হারিয়ে লিগ জয় মহামেডানের। খেলা শুরুর তিন মিনিটেই একমাত্র গোলটি করেন ক্যারিবিয়ান তারকা মার্কাস জোসেফ।

গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

কলেজ জীবনের ঘাটতি বাস্তব অভিজ্ঞতা দিয়ে পূরণ করো

ডঃ দিব্যজ্ঞান চক্রবর্তী
ল্যাব ডিরেক্টর, সিকিওর ল্যাব
প্রাক্তন বিজ্ঞানী,
ডক্টর কেপিসি বায়ো ইনোভেশন
প্রাক্তন গবেষক, কলকাতা বিশ্ববিদ্যালয়

এই সময়ে যারা একেবারে নতুন চাকরিপ্রার্থী, তাদের জন্য কিন্তু চাকরির বাজারটা মোটামুটি একই রকম আছে। সংস্থার উচ্চপদে এবং নীচের স্তরে চাকরির বাজার অনেক বেশি মন্দা। তবে সব ক্ষেত্রেই বেশ কিছু বদল এসেছে। অতিমারির প্রকোপ অনেক ভাবে পড়েছে আমাদের উপর। এই বদলগুলো সম্পর্কে সচেতন থাকতে হবে এবং সেই মতো প্রস্তুতি নিতে হবে।

যারা সদ্য স্নাতক হয়ে চাকরি খুঁজছে, তারা অতিমারি আর লকডাউনের জেরে কলেজ জীবনটা জানলই না ভালো করে। স্কুলের জীবনের একরকম ধারা। এরপর কলেজে ছেলেমেয়েরা অনেক পরিণত হয়, অনেক অভিজ্ঞতা জমে, বন্ধুদের সঙ্গে মেলামেশার মাধ্যমেও এক ধরনের গ্রুমিং হয়। দু'বছর ধরে সব বন্ধ থাকায় ছেলেমেয়েরা এই গ্রুমিংয়ের সুযোগটা নিতেই পারল না। এই ফাঁকটা থেকে যাবে। তাই তোমাকে আলাদা ভাবে খাটতে হবে এই খামতিটুকু মেরামত করার জন্য।

ইদানীং ইন্টারভিউ নিতে গিয়ে আমরা এই সমস্যাটা বেশ টের পাচ্ছি। স্নাতক যোগ্যতার প্রার্থীর ইন্টারভিউ চলছিল। আমরা যখন বললাম যথেষ্ট ঘোরাঘুরি করতে হবে, রীতিমতো ভয় পেয়ে গেল। বলল, রাস্তা চেনে না, কী ভাবে যেতে হবে জানে না, অতএব কাজটা পারবে কি না সে বিষয়ে প্রত্যয়ী নয়।

বেশির ভাগ কাজেই কিন্তু রাস্তাঘাটে বেরোতে হয়। বাস্তব অভিজ্ঞতা তৈরি হয় তার মধ্য দিয়েই। আমরা মার্কেটিং দপ্তরের জন্য কর্মী চাইছিলাম। হেলথ ইন্ডাস্ট্রিতেও এমন বহু কাজ থাকে যেখানে সাধারণ বিষয় নিয়ে পড়াশোনা করে চাকরি পাওয়া যায়। ফলে সাধারণ স্নাতকদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়েছিল। কিন্তু কথা বলে বুঝলাম, স্কুল-জীবনের পরের ধাপটার জন্য তৈরি হওয়ার সুযোগটাই পায়নি তারা। না হলে অন্তত রাস্তা না চিনলেও, চিনে নিয়ে পৌঁছে যাওয়ার আত্মবিশ্বাসটুকু থাকত।

বাস্তব অভিজ্ঞতা তৈরি করো

শুধু রাস্তা চেনাই নয়, যে-কোনও বাস্তব প্রয়োগের থেকে দূরে থাকার একটা প্রভাব ছেলেমেয়েদের উপর পড়েছে। তার থেকে বাইরে বেরোতেই হবে। করোনার জন্য ঘরে বন্দি হয়ে থাকার মানোভাব বদলাতে হবে। বাইরে বেরিয়ে পরিবর্তিত পরিস্থিতিতে নিজেকে অভ্যস্ত করে তুলতে হবে। সাবধানতা অবলম্বন করার কথা মাথায় রেখেই, কাজে হোক বা পড়াশোনার কোনেই হোক, নিজেকে ব্যস্ত রাখো, সামাজিক জীবনে থাকো। তোমার মানসিক বিকাশে এর গুরুত্বপূর্ণ প্রভাব আছে।

নতুন ওয়ার্ক কালচার

অনেক সংস্থাতেই কাজের ধরন পালটেছে। 'বাড়ি থেকে কাজ' সংস্কৃতি ক্রমশ জাঁকিয়ে বসেছে। এই ধাঁচে কাজের জন্যও তৈরি করতে হবে নিজেকে। যেমন, তোমার ঘরে যখন তুমি কাজ করছ, তখন যা কিছু প্রযুক্তিগত অসুবিধা তা তোমার নিজেকেই সমাধান করতে হবে। অফিসে হলে এই সহায়তা সহকর্মীদের থেকে পাওয়া যেত। আরেকটা বিষয় হল, আগে কাজ শেষ করে যেখানে তুমি ফিরতে, সেটা ছিল তোমার কমফোর্ট জোন। সেই কমফোর্ট জোনটাই এখন তোমার কাজের জায়গা। এর একটা মানসিক চাপ থাকে। এর জন্যও আলাদা মানসিক প্রস্তুতি দরকার।

অবশ্যই চেষ্টা করো কর্মমুখী কোর্স করার। আমি যেহেতু স্বাস্থ্য ক্ষেত্রে আছি, ফলে উদাহরণ হিসেবে বলতে পারি মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ানের কথা। এই যোগ্যতার একজন কর্মী ছাড়া কোনও ল্যাব আইনত তৈরি করা যায় না। এই বিষয়ের স্নাতক ও স্নাতকোত্তর কোর্স পড়ানো হয়। এই রকম সব সেক্টরেই বিভিন্ন কর্মমুখী কোর্স আছে, যার চাহিদা রয়েছে। খোঁজ করে সেই সব কোর্স করতে পারো। চাকরির সম্ভাবনা বাড়বে।

নন-ওভেন কাপড় এবং কাগজের ব্যাগ তৈরি করে ব্যবসা করুন

প্রথম পাতার পর

তৈরির ব্যবসা করছেন। তাঁদের সংস্থার নাম সুরজ এন্টারপ্রাইজ। ব্যবসা শুরু করার আগে কয়েক মাস তাঁরা বাজার-সমীক্ষা করে দেখেছেন, মার্কেটিংও করেছেন নিজেরাই। ব্যাগের জন্য একসঙ্গে অনেকটা পরিমাণ কাপড় তাঁরা কিনে আনেন বাঁকড়া থেকে। একসঙ্গে বেশি পরিমাণ কাপড় কিনলে দামেও কম পড়ে। ছোট, বড় বিভিন্ন আকারের ব্যাগের অর্ডার পেয়ে থাকেন তাঁরা। সংস্থার দুই কর্ণধারই জানালেন, নন-ওভেন ব্যাগের চাহিদা এতটাই বেশি যে, প্রথম লকডাউনের আগে পর্যন্ত প্রতিদিন প্রায় ১২ থেকে ১৪ ঘণ্টা কাজ করতে হয়েছে তাঁদের। সুরজ ও সুরজিৎকে সাহায্য করার জন্য একজন কর্মী আছেন। তবে, তিনি মূলত তৈরি ব্যাগ ডেলিভারি দেওয়ার কাজে সাহায্য করেন। 'কর্মক্ষেত্র'কে সুরজ জানান, ব্যাগ তৈরি করে উপার্জনের পাশাপাশি তাঁরা যে পরিবেশ দূষণ প্রতিরোধের কাজে সামিল হতে পেরেছেন, সে কথা ভেবে তাঁদের ভালো লাগে।

কী ভাবে কাজ শুরু করবেন

নন-ওভেন কাপড়ের ব্যাগ তৈরির জন্য পাওয়া যায় সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিন। এক জনই এই স্বয়ংক্রিয় মেশিনটি চালিয়ে উৎপাদন করতে পারেন। মেশিনে নন-ওভেন কাপড়ের রিল লাগিয়ে দিলে কাপড় কাটা থেকে সেলাই— ব্যাগ তৈরির পুরো কাজটা মেশিনই করে দেয়। এক মিনিটে ৫০-৬০টা ছোট ব্যাগ তৈরি হয়। তবে, মেশিন চলার সময় এক জনকে সামনে থাকতেই হয়, যাতে রোলের মধ্যে কোনও কাটা কাপড়ের টুকরো মেশিনে জড়িয়ে উৎপাদন বন্ধ না হয়ে যায় বা অন্য কোনও বিপত্তি না ঘটে।

প্লাস্টিক ব্যাগের বিকল্প হিসেবে নন-ওভেনের মতো কাগজের ব্যাগের চাহিদাও ক্রমশ বাড়ছে। কাগজের ব্যাগ তৈরি হয় ব্রাউন পেপার দিয়ে। পাতলা, মোটা বিভিন্ন ধরনের ব্রাউন পেপার বাজারে কিনতে পাওয়া যায়। তৈরি ব্যাগ বা প্যাকেট কোন কাজে ব্যবহৃত হবে তার উপর নির্ভর করে কোন কোয়ালিটির ব্রাউন পেপার লাগবে। সাধারণত ব্রেড, রোল, প্যাটিস ইত্যাদি খাবার বিক্রি হয় পাতলা ব্রাউন পেপারের প্যাকেটে। পোশাকের দোকান বা প্রসারিতে জিনিসপত্র দিতে একটু শক্তপোক্ত ব্যাগ প্রয়োজন। ব্রাউন পেপার ছাড়াও নানা রকম কাগজ রয়েছে যা দিয়ে কাগজের ব্যাগ তৈরি হয়। কিন্তু বিভিন্ন ধরনের উপকরণের জন্য বিভিন্ন ধরনের মেশিনের প্রয়োজন নেই। এই মেশিনেও শুধুমাত্র কাগজের রিল লাগিয়ে দিলে পেপার কাটিং ও পেস্টিং হয়ে সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়ে যাবে। একজন কর্মীই পুরো কাজটা পরিচালনা করতে পারেন। জায়গাও লাগে খুব কম। নন-ওভেন ও কাগজের ব্যাগ তৈরির মেশিন বসানোর জন্য প্রয়োজন অন্তত ২০ ফুট × ২০ ফুট মাপের একটি ঘর।

মেশিন কোথায় পাবেন: ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩) ২২৩৬ ৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। ই-মেল: bharatmachinetools1@rediffmail.com

ব্যবসা করার আগে বাজার-সমীক্ষা করাটা জরুরি

তাপস বসু, *কর্ণধার, ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি*

আমরা শুধু নন-ওভেন ও কাগজের ব্যাগ তৈরির মেশিন বিক্রি করি না, বিনামূল্যে ক্রেতার ব্যবসাকেন্দ্রে মেশিন ইনস্টল করি এবং কর্মীদের ট্রেনিং দেওয়ার জন্যও লোক পাঠাই। পাঁচ দিন ক্রেতার ব্যবসাকেন্দ্রে থেকে ট্রেনিং দেওয়া হয়। দীর্ঘ দিনের অভিজ্ঞতা থেকে বলছি, যে-কোনও ব্যবসা করার আগে মার্কেট-সার্ভে করাটা জরুরি। বাজারে জিনিসটির চাহিদা কত, কারা জিনিসটির ক্রেতা হতে পারে সেটা আগে সার্ভে করে দেখতে হবে। এরপর বিভিন্ন দোকান, অফিস বা কোম্পানিতে গিয়ে নিজের পরিচয় দিয়ে উৎপাদন সম্পর্কে জানাতে হবে। যেসব দোকান এখনও প্লাস্টিকের ব্যাগ ব্যবহার করছে, তাদের কর্তৃপক্ষের সঙ্গে দেখা করে নিজের উৎপাদিত নন-ওভেন ব্যাগ ও কাগজের ব্যাগ ব্যবহারের সুবিধা ও পরিবেশগত উপকারিতার কথা বুঝিয়ে সেগুলি বিক্রির ব্যবস্থা করতে হবে। যাঁদের সঙ্গে কথা বলবেন, তাঁদের ভিজিটিং কার্ড নেবেন। তবে, প্রথম দিকে তৈরি ব্যাগের দাম যদি কিছুটা কম রাখতে পারেন তাহলে ভালো হয়।

আমাদের সংস্থার অটোমেটিক নন-ওভেন কাপড়ের ব্যাগ তৈরির মেশিনের দাম পড়বে প্রায় বারো লক্ষ টাকা। কাগজের ব্যাগ তৈরির মেশিনের দাম ছয় লক্ষ টাকা। এক বছরের ওয়ারেন্টি থাকে। বিনামূল্যে ক্রেতার ব্যবসাকেন্দ্রে মেশিন ইনস্টল করে দেওয়া এবং কর্মীদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থাও করে ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি।

বিশেষ অফার: 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত কুপনটি সঙ্গে আনলে নন-ওভেন ব্যাগ ও পেপার ব্যাগ তৈরির মেশিনের ক্ষেত্রে পাঁচ হাজার টাকা ছাড় দেওয়া হবে।

কর্মক্ষেত্র

৫,০০০ টাকা ছাড়

নন-ওভেন কাপড় এবং কাগজের ব্যাগ তৈরির মেশিন কিনে ব্যবসা করতে চাই

নাম: _____

ঠিকানা: _____

বয়স: _____

ফোন নং: _____

যোগাযোগ: ভারত টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-১৩

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

Applications are invited from Indian Nationals employed in any Major Port Trust/Central Govt./State Govt./Public Sector Undertakings or Autonomous Bodies for filling up of one post of Assistant Vigilance Officer Gr-II by DEPUTATION under Haldia Dock Complex, Syama Prasad Mookerjee Port, Kolkata. For eligibility criteria and other details, please log on to SMP-K website at www.smportkolkata.shipping.gov.in. The last date of receiving complete application is January 10, 2022.

HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES
(An institution of ICARE): Estd: 2003
ICARE Complex, P.O. Hatiberia, Haldia, Purba Medinipur, West Bengal, PIN : 721657
Email: hihs@hihshaldia.in, Website: www.hihshaldia.in

RECRUITMENT NOTICE

Applications are invited from eligible candidates for the below listed positions, For full details of the recruitment notification, please follow our website i.e. www.hihshaldia.in

Sl. No.	Vacant Position	Department	No. of Vacancy	Minimum eligibility
1.	Assistant Professor	Dept. of Physiotherapy	3	MPT in Orthopaedics/ Neurology/Cardiothoracic
2.	Assistant Professor	Dept. of Medical Laboratory Technology	3	M.Sc. MLT/PhD in Biomedical Laboratory Science/ M.Sc. Medical Physiology/ PhD in Physiology/ M.Sc. Clinical Biochemistry/ M.Sc. Microbiology
3.	Assistant Professor	Dept. of Science & Management	5	M.Sc. Critical Care Technology, M.Sc. Operation Theatre Technology / M.Sc. Radiology/ Imaging Sciences or Technology/M.Sc. Anatomy/ Medical Anatomy, Postgraduate or PG Diploma in Biostatistics/MCA/M.Sc. or MTech in Computer Science
4.	Laboratory Technician	Dept. of MLT	2	DMLT
5.	Laboratory Technician	Dept. of Nutrition	1	DMLT/ B.Sc.(H) in Physiology/ Nutrition

N.B. Last date of submission of application by post : 30th December, 2021.
Last date of submission of application through email : 27th December, 2021
Secretary, ICARE

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশের মাধ্যমে

আবগারি দপ্তরে* পুরুষ ও মহিলা কনস্টেবল

মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন ভিটামিন রিকেট রোগ প্রতিরোধ করে?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-কে (c) ভিটামিন-ডি (d) ভিটামিন-পি
2. মহারাষ্ট্রে প্রার্থনা সমাজ স্থাপিত হয় কত সালে?
(a) 1849 সালে (b) 1850 সালে (c) 1851 সালে (d) 1852 সালে
3. কোন রাজ্যে বনভূমির পরিমাণ সর্বাধিক?
(a) উত্তরপ্রদেশ (b) রাজস্থান (c) পাঞ্জাব (d) মধ্যপ্রদেশ
4. 'সীমান্ত গান্ধী' নামে কে পরিচিত হন?
(a) রাজা রামমোহন রায় (b) খান আব্দুল গফফর খান (c) রাধাকান্ত দেব (d) কমল হাসান
5. ভারতের কোন রাজ্যে 'সাইলেন্ট ভ্যালি' জাতীয় উদ্যান আছে?
(a) কর্নাটক (b) মণিপুর (c) কেরালা (d) আসাম
6. ভারত ও পাকিস্তানের মধ্যে সীমানা চিহ্নিত করেন:
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লরেন্স (c) ক্রিপস (d) র‍্যাডক্লিফ
7. 'কৃষকসভা' প্রতিষ্ঠা করেন কে?
(a) ধর্মপাল (b) সূর্যসেন (c) ফজলুল হক (d) ভগৎ সিং
8. ভারতের কোথায় সর্বপ্রথম 'Fire Park' তৈরি হয়েছে?
(a) কটক (b) ভুবনেশ্বর (c) ভদ্রক (d) পুরী
9. 'National Police k9' নামক জার্নাল প্রকাশ করেছেন কোন মন্ত্রী?
(a) অমিত শাহ (b) রাজনাথ সিং (c) মমতা ব্যানার্জি (d) কেউই নন
10. চক্ষু দানের ক্ষেত্রে দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) লেন্স (b) কর্নিয়া (c) সম্পূর্ণ চোখ (d) রেটিনা
11. ভারতে কোন শ্রেণির মৃত্তিকা সর্বাধিক রয়েছে?
(a) লোহিত মৃত্তিকা (b) পাললিক মৃত্তিকা (c) কৃষ্ণ মৃত্তিকা (d) কোনওটিই নয়
12. 'স্কুল বুক সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?
(a) ওয়াটসন (b) উইলিয়াম জোনস (c) বেথুন (d) ডেভিড হেয়ার
13. ইংরেজদের সঙ্গে রণজিৎ সিংহের অমৃতসরের সন্ধি স্বাক্ষরিত হয়েছিল কত সালে?
(a) 1809 সালে (b) 1810 সালে (c) 1811 সালে (d) 1812 সালে
14. স্বরাজ্য পার্টির প্রতিষ্ঠাতা-সভাপতি কে ছিলেন?
(a) রামমোহন রায় (b) সি আর দাশ (c) রাজেন্দ্রপ্রসাদ (d) মতিলাল নেহরু
15. তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে:
(a) ডায়নামো (b) রেক্টিফায়ার (c) মোটর (d) থার্মোস্ট্যাট
16. দাক্ষিণাত্যের কৃষ্ণ মৃত্তিকা অঞ্চল কোন চাষের জন্য অত্যন্ত বিখ্যাত?
(a) আখ (b) ধান (c) গম (d) তুলা
17. ভারতে সংবিধানের কত ধারা অনুসারে নতুন রাজ্য গঠন করা হয়?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
18. প্রাচীন ভারতে কতজন তীর্থঙ্কর ছিলেন?
(a) 24 (b) 25 (c) 26 (d) 27
19. ভারত সভার প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) রাজা রামমোহন রায় (b) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (c) বিপিন চন্দ্র পাল (d) লালা লাজপৎ রায়
20. কত সালে মুসলিম লিগ প্রতিষ্ঠিত হয়?
(a) 1906 (b) 1908 (c) 1910 (d) 1912
21. তৈমুরলঙ কত সালে ভারত আক্রমণ করেন?
(a) 1394 (b) 1396 (c) 1398 (d) 1400
22. 'অহিহোল প্রশস্তি' রচনা কে করেন?
(a) কেশবচন্দ্র সেন (b) রবিকীর্তি (c) কলহন (d) ভদ্রবাহু
23. কফি উৎপাদনে ভারতের মধ্যে প্রথম কোন রাজ্য?
(a) হরিয়ানা (b) তামিলনাড়ু (c) কর্নাটক (d) আসাম
24. কোন দিনকে 'মহাবিষুব' বলা হয়?
(a) 21 মে (b) 21 নভেম্বর (c) 21 মার্চ (d) 21 জুন
25. 'আকবরনামা' কার লেখা?
(a) টোডরমল (b) আবুল ফজল (c) ইবন বতুতা (d) বদাউনি
26. কোন শহরে আকবরের স্থাপত্য নিদর্শন নেই?
(a) আগ্রা (b) দিল্লি (c) ফতেপুর সিক্রি (d) লাহোর
27. রায়চুর দোয়াব অঞ্চলটি ভারতের কোন অংশে অবস্থিত?
(a) দক্ষিণ (b) উত্তর (c) পূর্ব (d) পশ্চিম
28. একটি দেহে কোষের 'শক্তিঘর' কাকে বলে?
(a) ক্লোরোপ্লাস্ট (b) নিউক্লিয়াস (c) মাইটোকনড্রিয়া (d) ত্বক
29. পেনিসিলিয়াম উদ্ভিদটি কোন ধরনের?
(a) শ্বেতসার (b) ছত্রাক (c) শৈবাল (d) কোনওটিই নয়
30. সার্বিক রক্তগ্রহীতার গ্রুপ কোনটি?
(a) A (b) B (c) O (d) AB
31. The Adjective form of the word 'Sick' is:
(a) sicky (b) sickness (c) sickly (d) sickless
32. The Feminine form of the word 'Czar' is:
(a) Signora (b) Vixen (c) Czarina (d) Czarish
33. The plural form of the word 'Grief' is:
(a) Grieves (b) Griefs (c) Griefes (d) Grieve
Direction (34 to 39): *Pick out the correct synonyms.*
34. Nebulous
(a) Vague (b) Inadequate (c) Tiny (d) Insignificant
35. Wrath
(a) Jealousy (b) Hatred (c) Anger (d) Violence
36. Abandon
(a) Discontinue (b) Condense (c) Abscond (d) Neglect
37. Bashful
(a) Shy (b) Hopeful (c) Confident (d) Vigilant
38. Terrific
(a) Big (b) Excellent (c) Tragic (d) Terrible
Direction (39 to 43): *Choose the word opposite in meaning.*
39. Goblin
(a) Traveller (b) Angel (c) Hermit (d) Pilot
40. Minion
(a) Host (b) Quorum (c) Majority (d) Master
41. Hamper
(a) Open (b) Release (c) Hold (d) Hasten
42. Evanescent
(a) Growing (b) Twinkling (c) Blooming (d) Teasing
43. Optimist
(a) Immodest (b) Ignoble (c) Pessimist (d) Mar
Direction (44 to 48): *Choose the most suitable 'one word' for the given expressions.*
44. Gradual recovery from illness:
(a) Amnesia (b) Convalescence (c) Superannuation (d) Hysteria
45. A poem written on the death of someone loved and lost.
(a) Sonnet (b) Epic (c) Ode (d) Elegy
46. Commencement of words with the same letter.
(a) Alliteration (b) Rhyme (c) Confident (d) Tiny
47. A person who believes that pleasures is the chief good.
(a) Epicure (b) Sensual (c) Hedonist (d) Stoio
48. One who intervenes between two or more parties to settle differences.
(a) Judges (b) Neural (c) Intermediary (d) Mutiny
Direction (49 to 53): *Find the correctly spelt word.*
49. (a) Embarrassed (b) Embarassed (c) Embarased (d) Embarrased
50. (a) Seperately (b) Separately (c) Separatly (d) Seperatley
51. (a) Occurence (b) Occurrence (c) Ocurence (d) Occurance
52. (a) Pedestrian (b) Pidistrian (c) Pidestrian (d) Pedistrian
53. (a) Budgetry (b) Bugetary (c) Budgetary (d) Budgetery
Direction (54 to 58): *Choose the correct alternative out of the four.*
54. As the bare mountains turned green, the people found ____ looking forward to spring.
(a) they (b) them (c) their (d) themselves
55. We must ____ help to the people hit by the cyclone.
(a) contribute (b) render (c) summon (d) unity
56. The metals and minerals sector ____ currently highly volatile.
(a) are (b) is (c) was (d) were
57. We should not mix with those people.
Who have an _____ reputation.
(a) unsafe (b) unsteady (c) unsavoury (d) unsanctioned
58. It was said of Akbar that he rarely ____ more than three hours a day.
(a) sleeps (b) is sleeping (c) had slept (d) slept
Direction (59 to 60): *Find out whether there is any grammatical error in it.*
59. The people (a)/regarded him as (b)/an impostor and (c)/called he a villain (d)
60. Captain Hardy (a)/congratulated him (b)/on his having gain (c)/ a complete victory (d)
61. কোন সংখ্যার সঙ্গে 4 দিয়ে গুণ করলে 2 দিয়ে ভাগ করলে 200 হবে?
(a) 25 (b) 50 (c) 75 (d) 100
62. একজন ব্যাটসম্যান তাঁর 19তম ইনিংসে 98 রান করলে তাঁর মোট রানের গড় 4 বাড়ল। 19তম ইনিংসের পর তাঁর রানের গড় হল:
(a) 26 (b) 27 (c) 28 (d) 29
63. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 5 : 4 হলে ক্ষতির শতকরা হার কত?
(a) 20% (b) 30% (c) 35% (d) 40%
64. $999\frac{998}{999} \times 999 - 999 = ?$
(a) 99900 (b) 998000 (c) 997000 (d) 99800
65. তিন ব্যক্তির বয়সের যোগফল 83 বছর, 10 বছর পর তাদের বয়সের যোগফল কত হবে?
(a) 113 বছর (b) 115 বছর (c) 117 বছর (d) 119 বছর

এরপর সাতের পাতায়

কলকাতা পুলিশে

সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

গত সংখ্যার পর

69(d): প্রথম চিত্রে, $\sqrt{16} + \sqrt{25} + 7 + 12 = 4 + 5 + 7 + 12 = 28$

দ্বিতীয় চিত্রে, $\sqrt{36} + \sqrt{16} + 21 + 10 = 6 + 4 + 31 = 41$

তৃতীয় চিত্রে, $\sqrt{25} + \sqrt{4} + 10 + x = 42$

$\therefore x = 42 - 10 - 5 - 2 = 25$.

70(c): প্রথম চিত্রে, 2 4 12 48 240 (×2 ×3 ×4 ×5)

দ্বিতীয় চিত্রে, 3 6 18 72 360 (×2 ×3 ×4 ×5)

দ্বিতীয় চিত্রে, 4 8 24 96 480 (×2 ×3 ×4 ×5)

71(a): $\sqrt{8^2 \times 7 \times 5^2 - 175} = \sqrt{64 \times 7 \times 25 - 175} = \sqrt{11200 - 175}$
$= \sqrt{11025} = 105$.

72(b): $1\frac{1}{5}$ এর $1\frac{1}{2}$ এর ? = 216

or, $\frac{6}{5} \times \frac{3}{2} \times ? = 216 \therefore ? = 216 \times \frac{5}{9} = 120$.

73(d): $? = \frac{850 \times 36}{100} - \frac{1150 \times 28}{100} = 306 - 322 = -16$.

74(c): $(4)^{0.5} \times (0.5)^4 \times 2^4$
$= 4^{1/2} \times \left(\frac{1}{2}\right)^4 \times 2^4 = 4^{1/2} \times \frac{1}{2^4} \times 2^4 = 2$.

75(b):

2	12	18	21	32
2	6	9	21	16
3	3	9	21	8
	1	3	7	8

ল.সা.গু. $= 2 \times 2 \times 3 \times 3 \times 7 \times 8 = 2016$

$\therefore$ নির্ণেয় সংখ্যা $= 2016 \times 2 = 4032$.

76(b): $x \times \frac{30}{100} - x \times \frac{25}{100} = 15$

or, $\frac{3x}{10} - \frac{5x}{20} = 15$, $\frac{6x - 5x}{20} = 15 \therefore x = 15 \times 20 = 300$

300-এর 20% $= 300 \times \frac{20}{100} = 60$.

77(b): $500 \times \frac{40}{100} = 200$ টাকা

পর পর ছাড়ের সমতুল্য ছাড় $= \left(36 + 4 + \frac{36 \times 4}{100}\right)\% = \left(40 + \frac{144}{100}\right)\%$
$= \frac{4144}{100}\%$

শর্তানুসারে, $500 \times \frac{4144}{100}\% = 500 \times \frac{4144}{100 \times 100} = \frac{2072}{10} = 207.2$

78(d): 6 মিনিটে 1 কিমি = 10 কিমি/ঘণ্টা
নৌকার বেগ + স্রোতের বেগ = 10
নৌকার বেগ − স্রোতের বেগ = 6
2 নৌকার বেগ = 16
নৌকার বেগ = 8 কিমি/ঘণ্টা
$\therefore$ স্রোতের বেগ = 2 কিমি/ঘণ্টা।

79(c): পঞ্চভুজের পাঁচটি কোণের সমষ্টি $= 2(5 - 2) \times 90 = 2 \times 3 \times 90^\circ$
$= 540^\circ$
পঞ্চম কোণটির মান হবে $= 540^\circ - (73^\circ + 97^\circ + 146^\circ + 138^\circ)$
$= 540^\circ - 454^\circ = 86^\circ$.

80(b): বহিঃকোণ $= 180^\circ - 165^\circ = 15^\circ$

$\therefore$ বাহুসংখ্যা $= \frac{360^\circ}{15^\circ} = 24$টি।

81(b): আসল P, সময় = 1 বছর, সুদের হার = 5%

$I_1 = \frac{P \times 5 \times 1}{100}$ $I_2 = \frac{P \times 4 \times 1}{100}$

$I_1 - I_2 = 250$ বা, $\frac{5P}{100} - \frac{4P}{100} = 250$

$\therefore P = 25000$ টাকা।

82(b): $I_1 - I_2 = 2.5$

or, $\frac{500 \times 2 \times r_1}{100} - \frac{500 \times 2 \times r_2}{100} = 2.5$

or, $\frac{500 \times 2}{100}(r_1 - r_2) = 2.5$

or, $r_1 - r_2 = \frac{2.5}{10} = 0.25\%$.

83(c): মনে করি, সংখ্যাটি = x

শর্তানুসারে, $x^2 = 68^2 - 32^2$

বা, $x^2 = (68 + 32)(68 - 32)$ বা, $x^2 = 100 \times 36$

বা, $x = \sqrt{10^2 \times 6^2}$ $\therefore x = 10 \times 6 = 60$.

এরপর সাতের পাতায়

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশের মাধ্যমে

আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল

মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

66. যদি $x : y = 3 : 4$ হয় তাহলে $\frac{5x-2y}{7x+2y} = ?$

(a) $\frac{7}{25}$ (b) $\frac{7}{23}$ (c) $\frac{7}{29}$ (d) $\frac{7}{17}$

67. দু'টি ট্রেনের দ্রুতির অনুপাত 7 : 8. দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 400 কিমি গেলে প্রথমটির দ্রুতি:

(a) 84.5 কিমি/ঘণ্টা (b) 85.5 কিমি/ঘণ্টা (c) 86.5 কিমি/ঘণ্টা (d) 87.5 কিমি/ঘণ্টা

68. 15টি বল 480 টাকায় বিক্রি করায় 3টি বলের ক্রয়মূল্য ক্ষতি হয়। একটি বলের ক্রয়মূল্য কত?

(a) 40 টাকা (b) 41 টাকা (c) 42 টাকা (d) 43 টাকা

69. একটি গাড়ির চাকার পরিধি 'd' m, চলার সময় গাড়ির চাকা প্রতি মিনিটে 100 বার ঘুরলে গাড়ির গতিবেগ:

(a) 8d কিমি/ঘণ্টা (b) 6d কিমি/ঘণ্টা (c) 3d কিমি/ঘণ্টা (d) 4d কিমি/ঘণ্টা

70. $A : B = 3 : 4$, $B : C = 6 : 5$ হলে, $A : C$ নির্ণয় করুন:

(a) 9 : 10 (b) 9 : 1 (c) 9 : 11 (d) 9 : 12

71. একটি খুঁটির $\frac{1}{2}$ অংশ জলের নীচের আছে। বাকি অংশ জলের উপরে থাকলে, জলের উপরে কত শতাংশ আছে?

(a) 25% (b) 50% (c) 60% (d) 62%

72. যদি $x = 2$ হয় তাহলে $x^3 + 27x^2 = 243x + 631$-এর মান নির্ণয় করুন:

(a) 1233 (b) 1231 (c) 1232 (d) 1234

73. যদি $x = \frac{1}{\sqrt{2}+1}$ হয় তাহলে $x + 1 = ?$

(a) $\sqrt{2} + 1$ (b) 2 (c) $\sqrt{2} - 1$ (d) $\sqrt{2}$

74. যদি $5\sin\theta = 3$ হলে, $\frac{\sec\theta - \tan\theta}{\sec\theta + \tan\theta}$ এর মান কত?

(a) $\frac{1}{4}$ (b) $\frac{1}{5}$ (c) $\frac{1}{6}$ (d) $\frac{1}{7}$

75. যদি $P = 99$ হলে $P(P^2 + 3P + 3)$-এর মান কত?

(a) 989898 (b) 999999 (c) 988899 (d) 998889

76. 6, 9, 12, 15, 18 দ্বারা বিভাজ্য সবচেয়ে ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয় করুন যাতে প্রতিক্ষেত্রে 2 অবশিষ্ট থাকে?

(a) 178 (b) 176 (c) 182 (d) 180

77. $\frac{1}{x^2} + \frac{1}{y^2}$-এর মান কত হবে যেখানে $x = 2 + \sqrt{3}$ এবং $y = 2 - \sqrt{3}$?

(a) 12 (b) 16 (c) 14 (d) 10

78. যদি $3x^2 - 4x - 3 = 0$ হয়, $x - \frac{1}{x}$-এর মান কত?

(a) $\frac{3}{4}$ (b) $\frac{4}{3}$ (c) 3 (d) 4

79. যদি $a + b + c = 6$, $a^2 + b^2 + c^2 = 14$ হয় তাহলে $bc + ca + ab$-এর মান কত?

(a) 20 (b) 11 (c) 22 (d) 25

80. দু'টি সংখ্যার গুণফল 2028, তাদের গ.সা.গু. যদি 13 হয় তাহলে, কতগুলি জোড়া সংখ্যা পাওয়া যাবে?

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

81. যদি $16 - 2 = 2$, $9 - 3 = 0$, $81 - 1 = 8$, তখন $64 - 4 = ?$

(a) 4 (b) 2 (c) 6 (d) 8

82. যদি L denotes ×, M denotes ÷, P denotes '+', Q denotes '–' তাহলে 16 P 24 M 8 Q 6 M 2 L 3 = ?

(a) 10 (b) 9 (c) 12 (d) 11

Direction (83 to 86): *নীচের স্থানে পরবর্তী অক্ষর/সংখ্যা কী বসবে?*

83. 6 : 64 : : 11 : ?

(a) 144 (b) 169 (c) 121 (d) 124

84. 123 : 4 : : 726 : ?

(a) 23 (b) 26 (c) 14 (d) 12

85. NUMERAL : UEALRMN : : ALGEBRA : ?

(a) LRBAGEA (b) BARLAGE (c) LERAGBA (d) LERABGA

86. BDAC : FHEG : : NPMO : ?

(a) RQTS (b) QTRC (c) TRQD (d) RTQS

87. শূন্যস্থানগুলি পূর্ণ করুন:

ac ___ cab ____ baca ___ aba ___ aca ____.

(a) acbcc (b) aacbc (c) babbb (d) bcbba

Direction (88 and 89): *প্রতিটি শব্দে একটি করে শব্দ আছে। ওই শব্দের অক্ষরগুলি দিয়ে কোন উত্তরটি তৈরি করা যাবে/কোন উত্তরটি তৈরি করা যাবে না?*

88. MULTIPLICATION

(a) MUTUAL (b) LIMITATION (c) NOTION (d) APPLICATION

89. COMPREHENSION

(a) COMPRISE (b) PENSION (c) PREACH (d) ONION

90. যদি WAYIN-কে লেখা হয় TXVFK, তবে LBUK-কে কীভাবে লেখা হবে?

(a) IYRH (b) KATJ (c) JZSI (d) NDWM

উত্তর

1(c), 2(a), 3(d), 4(b), 5(c), 6(d), 7(c), 8(b), 9(a), 10(b), 11(b), 12(d), 13(a), 14(b), 15(c), 16(d), 17(c), 18(a), 19(b), 20(a), 21(c), 22(b), 23(c), 24(c), 25(b), 26(d), 27(a), 28(c), 29(b), 30(d), 31(c), 32(c), 33(b), 34(a), 35(c), 36(a), 37(a), 38(d), 39(b), 40(d), 41(d), 42(c), 43(c), 44(b), 45(d), 46(a), 47(c), 48(c), 49(a), 50(b), 51(b), 52(a), 53(c), 54(b), 55(b), 56(a), 57(c), 58(d), 59(d), 60(c), 61(d), 62(a), 63(a), 64(b), 65(a), 66(c), 67(d), 68(a), 69(b), 70(a), 71(b), 72(a), 73(d), 74(a), 75(b), 76(c), 77(c), 78(b), 79(b), 80(b), 81(a), 82(a), 83(b), 84(d), 85(d), 86(d), 87(b), 88(b), 89(c), 90(a).

সমাধান

61(d): ধরা যাক, সংখ্যাটি = x, 4 দিয়ে গুণ করলে 4x হয়

2 দিয়ে ভাগ করলে $\frac{4x}{2}$

$\frac{4x}{2} = 200$ বা, $x = \frac{2 \times 200}{4} = 100$

∴ সংখ্যাটি = 100.

62(a): ধরা যাক, প্রথমে রানের গড় ছিল = x [18তম ইনিংস পর্যন্ত]

$\therefore 18 \times x + 98 = 19(x + 4)$

$\Rightarrow 18x + 98 = 19x + 76 \Rightarrow x = 98 - 76 = 22$

∴ 19তম ইনিংসের পর তাঁর রানের গড় = (22 + 4) = 26

63(a): ক্ষতির হার $= \frac{(5-4)\times 100}{5} = \frac{1}{5} \times 100 = 20\%$.

64(b): $999\frac{998}{999} \times 999 - 999 = \frac{(999)^2 + 998}{999} \times 999 - 999$

$= (999)^2 + 998 - 999 = (999)^2 - 1$

$= (999 + 1)(999 - 1) = 1000 \times 998 = 998000$.

65(a): বর্তমানে ওই তিন ব্যক্তির বয়সের যোগফল = 83 বছর

∴ 10 বছর পর তাদের বয়সের যোগফল হবে (83 + 3 × 10) বছর বা (83 + 30) = 113 বছর।

66(c): $x : y = 3 : 4 \Rightarrow \frac{x}{y} = \frac{3}{4} = \frac{5x-2y}{7x+2y} = \frac{5 \times \frac{3}{4} - 2}{7 \times \frac{3}{4} + 2} = \frac{15-8}{21+8}$

$= \frac{7}{29}$

67(d): $\frac{\text{প্রথম ট্রেনের বেগ}}{\text{দ্বিতীয় ট্রেনের বেগ}} = \frac{7}{8}$

$\Rightarrow \frac{x}{100} = \frac{7}{8} \Rightarrow x = \frac{7 \times 100}{8} = \frac{700}{8}$ কিমি/ঘণ্টা = 87.5 কিমি/ঘণ্টা।

68(a): ধরা যাক, একটি বলের ক্রয়মূল্য = x টাকা

∴ 15টি বলের ক্রয়মূল্য = 15x টাকা

এখন 15টি বলের বিক্রয়মূল্য = 480 টাকা

∴ ক্ষতির পরিমাণ 3টি বলের ক্রয়মূল্যের সমান বা 3x টাকা

শর্তানুযায়ী, $15x - 480 = 3x \Rightarrow 15x - 3x = 480$

$\Rightarrow x = \frac{480}{12} = 40$.

69(b): মিনিটে 100 × d মিটার, ঘণ্টায় 100 × d × 60 মিটার

$= 6000 \times d$ মিটার $= \frac{6000 \times d}{100}$ কিমি = 6d কিমি/ঘণ্টা।

70(a): $\frac{A}{B} = \frac{3}{4}$, $\frac{B}{C} = \frac{6}{5}$

$A : C = \frac{A}{C} = \frac{A}{B} \times \frac{B}{C} = \frac{3}{4} \times \frac{6}{5} = \frac{9}{10} = 9 : 10$.

71(b): ধরা যাক, খুঁটির মোট দৈর্ঘ্য = 1 অংশ

জলের উপর আছে খুঁটির $= \left(1 - \frac{1}{2}\right)$ অংশ $= \frac{1}{2}$ অংশ

জলের উপরে আছে খুঁটিটির $= \frac{1}{2} \times 100\% = 50\%$.

72(a): $x^3 + 27x^2 + 243x + 631 = 8 + 108 + 486 + 631 = 1233$.

73(a): দেওয়া আছে $x = \frac{1}{\sqrt{2}+1} = \frac{1}{\sqrt{2}+1} \times \frac{\sqrt{2}-1}{\sqrt{2}-1}$ $\therefore x = \sqrt{2} - 1$

প্রশ্নানুযায়ী, $x + 1 = \sqrt{2} - 1 + 1 = \sqrt{2}$.

74(a): $\sin\theta = \frac{3}{5}$

প্রশ্নানুযায়ী, $\frac{\sec\theta - \tan\theta}{\sec\theta + \tan\theta} = \frac{\frac{5}{4} - \frac{3}{4}}{\frac{5}{4} + \frac{3}{4}} = \frac{2}{8} = \frac{1}{4}$.

75(b): দেওয়া আছে P = 99

$P\{(P^2 + 3P + 3) = 99\{(99)^2 + 3 \times 99 + 3\} = 99(9801 + 297 + 3)$

$= 999999$.

76(c): 6, 9, 12, 15 ও 18 এর ল.সা.গু. = 180

সংখ্যাটি হল 180 + 2 = 182.

77(c): $\frac{1}{x^2} + \frac{1}{y^2} = \frac{1}{(2+\sqrt{3})^2} + \frac{1}{(2-\sqrt{3})^2} = \frac{1}{7+4\sqrt{3}} + \frac{1}{7-4\sqrt{3}}$

$= \frac{7+4\sqrt{3}+7-4\sqrt{3}}{49-48} = 14$.

78(b): $3x^2 - 4x - 3 = 0$

$\Rightarrow 3x^2 - 4x = 3 \Rightarrow x(3x - 4) = 3 \Rightarrow 3x - 4 = \frac{3}{x}$

$\Rightarrow 3x - \frac{3}{x} = 4 \Rightarrow x - \frac{1}{x} = \frac{4}{3}$.

কলকাতা পুলিশে

সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

84(b): মনে করি সংখ্যাদু'টি হল 2x, 3x

শর্তানুসারে, $\frac{2x+3}{3x+3} = \frac{3}{4}$

বা, $8x + 12 = 9x + 9$ বা, $-x = -3$

$\therefore x = 3$

সংখ্যাদু'টি হল $(2 \times 3) = 6$, $(3 \times 3) = 9$

সংখ্যাদু'টির সমষ্টি = 6 + 9 = 15.

85(c): মনে করি, ইংরেজির প্রাপ্ত নম্বর = x

অঙ্কের প্রাপ্ত নম্বর = y

শর্তানুসারে, $x + y = 170$ ... (i)

$x - y = 10$ ... (ii)

$2x = 180$

$\therefore x = 90$ $\therefore y = 80$

∴ নির্ণেয় অনুপাত = 90 : 80 = 9 : 8.

86(d): ধরি, মুকেশ ও সুরেশ-এর বয়স যথাক্রমে 2x, 3x বছর

শর্তানুসারে, $\frac{2x+12}{3x+12} = \frac{11}{15}$

বা, $30x + 180 = 33x + 132$

বা, $-3x = -48$ $\therefore x = 16$

∴ সুরেশের বর্তমান বয়স = 16 × 3 = 48 বছর।

87(b): 40% 60%

50%

10% 10% = 1 : 1.

88(a): 6 15

8

7 2

∴ অংশ দু'টির অনুপাত ছিল = 7 : 2.

89(d): $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4} = \left(\frac{1}{2} \times 12\right) : \left(\frac{1}{3} \times 12\right) : \left(\frac{1}{4} \times 12\right) = 6 : 4 : 3$

শর্তানুসারে, $6x + 4x + 3x = 52$

$13x = 52$, $x = 4$

∴ ক্ষুদ্রতম বাহু = 3 × 4 = 12 সেন্টিমিটার।

90(c): $\frac{\text{A-এর মূলধন}}{\text{B-এর মূলধন}} \times \frac{\text{A-এর নিয়োজিত সময়}}{\text{B-এর নিয়োজিত সময়}} = \frac{\text{A-এর লাভ}}{\text{B-এর লাভ}}$

$\frac{3}{1} \times \frac{2}{1} = \frac{\text{A-এর লাভ}}{4000}$ ∴ A-এর লাভ = 24000 টাকা

মোট লাভ = (24000 + 4000) = 28000 টাকা।

প্রস্তুত করেছেন: **অভিষেক রায়**

79(b): $(a + b + c)^2 = (6)^2$

$\Rightarrow a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca) = 36 \Rightarrow 14 + 2(ab + bc + ca) = 36$

$2(ab + bc + ca) = 22 \Rightarrow ab + bc + ca = 11$.

80(b): ধরা যাক, সংখ্যাদু'টি হল x ও y

প্রশ্নানুযায়ী, $13x \times 13y = 2028$, $x \times y = 12$

∴ সম্ভাব্য জোড়া = (4 × 3) (12 × 1).

81(a): $(4)^2 - 2 = 4 - 2 = 2$, $(3)^2 - 3 = 3 - 3 = 0$

$(9)^2 - 1 = 9 - 1 = 8$, $(8)^2 - 4 = 8 - 4 = 4$.

82(a): $16 + 24 \div 8 - 6 \div 2 \times 3 = 16 + 3 - 3 \times 3 = 19 - 9 = 10$.

83(b): এখন 6

একইভাবে, $(6 + 2)^2 = 64$. আবার, 11 এবং $(11 + 2)^2 = 169$

84(d): এখন 123 এবং (12) ÷ 3 = 4

একইভাবে, 726 এবং (72) ÷ 6 = 12.

85(d): N U M E R A L → U E A L R M N

↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓

1 2 3 4 5 6 7 2 4 6 7 5 3 1

একইভাবে, A L G E B R A → L E R A B G A

↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓

1 2 3 4 5 6 7 2 4 6 7 5 3 1

86(d): B D A C → F H E G

+4

+4

+4

+4

87(b): ac a c/ab a b/aca c /aba b /aca c = aacbc.

90(a): W A Y I N

↓–3 ↓–3 ↓–3 ↓–3 ↓–3

T X V F K

একইভাবে, L B U K

↓–3 ↓–3 ↓–3 ↓–3

I Y R H.

প্রস্তুত করেছেন: **সাগর রায়**

jobiedgroup@gmail.com

কী পড়বেন, কোথায় পড়বেন

ট্রান্সলেশনের সার্টিফিকেট কোর্স

ট্রান্সলেশনের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কমপ্যারেটিভ লিটারেচার বিভাগের সেন্টার ফর ট্রান্সলেশন অব ইন্ডিয়ান লিচরেচার। কোর্সটির পুরো নাম 'সার্টিফিকেট কোর্স অন ট্রান্সলেশন অ্যাজ আ স্কিল'। কোর্সের মেয়াদ ছয় মাস।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। প্রার্থীকে ইংরেজি এবং বাংলা বা হিন্দি বা নেপালি জানতে হবে। কোর্স ফি: ৬,৫০০ টাকা। ক্লাস হবে অনলাইন-অফলাইন উভয় মাধ্যমেই। প্রার্থী বাছাই করা হবে লেখনী ক্ষমতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্রে একটি নির্দিষ্ট বিষয়ের উল্লেখ করা আছে। সেই বিষয়ে একটি রচনা লিখতে হবে। এটি ই-মেলে পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র ও পূরণ করা আবেদনপত্রের স্ক্যান্ড কপি-সহ রচনাটি ই-মেলে পাঠাতে হবে এই ঠিকানায়: centiliu@gmail.com আবেদনের শেষ তারিখ ৬ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৬৭৪৫-২৬৫৪৪, ৮৯০০৬-৬৪২৩৫, (০৩৩) ২৪৫৭-২১৫৬।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভোকেশনাল কোর্সে ভর্তি

প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন (মন্টেসরি), সাইকোলজিক্যাল কাউন্সেলিং, টেলরিং ও ড্রেস ডিজাইনিং-সহ বিভিন্ন বিষয়ে অ্যাডভান্সড ডিপ্লোমা, ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। এটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষাকেন্দ্র।

কোর্সগুলির বিবরণ: **ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন-মন্টেসরি**: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৮,০০০ টাকা।

অ্যাডভান্সড ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সেলিং: শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল সায়েন্স (সিভিক্স/পলিটিক্যাল সায়েন্স/হিস্ট্রি/জিওগ্রাফি/সোশিওলজি/সোশ্যাল ওয়ার্ক/এডুকেশন) বা ফিজিক্যাল সায়েন্স বা লাইফ সায়েন্সে স্নাতক অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ১৮,০০০ টাকা।

অ্যাডভান্সড ডিপ্লোমা ইন নিডল ওয়ার্ক অ্যান্ড নিটিং: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ১৫,০০০ টাকা।

অ্যাডভান্সড ডিপ্লোমা ইন অ্যাপ্লায়েড যোগা অ্যান্ড নেচারোপ্যাথি: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ২০,০০০ টাকা।

ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৭,০০০ টাকা।

ভোকেশনাল কোর্সেস অন টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং: অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স: শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৯,০০০ টাকা। **অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স**: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ২১,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbnsou.ac.in পূরণ করা আবেদনপত্র-সহ প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে পাঠাতে হবে সংশ্লিষ্ট স্টাডি সেন্টার প্রদত্ত নির্দিষ্ট ই-মেল ঠিকানায়। কোর্স ফি ছাড়াও রেজিস্ট্রেশন ফি ও অ্যানুয়াল ডেভেলপমেন্ট ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। আবেদনের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

আবেদনের পদ্ধতি, কোর্স অনুসারে স্টাডি সেন্টারগুলির ঠিকানা-সহ তালিকা এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কলারশিপের খোঁজখবর

কিপ ইন্ডিয়া স্মাইলিং ফাউন্ডেশনাল স্কলারশিপ প্রোগ্রাম ২০১১-২২

২০২১-এ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দিচ্ছে কোলগেট-পামোলিভ (ইন্ডিয়া) লিমিটেড।

আবেদনের যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাঠরতদের ক্ষেত্রে মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। স্নাতক (৩ বছর) বা ইঞ্জিনিয়ারিং (৪ বছর) বা ডিপ্লোমা ও ভোকেশনাল (১ বছর) কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদনের যোগ্য। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখের নীচে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি বছরে সর্বাধিক ৩০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৪ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KISF1 আবেদন করা যাবে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

(তথ্য সহায়তা: buddy4study)

ভারত ইলেক্ট্রনিক্সে ট্রেনি ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

ট্রেনি ইঞ্জিনিয়ার-১ ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদে ৮৩ জনকে নেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। হায়দরাবাদ ইউনিটে নিয়োগ করা হবে চুক্তিতে।

শূন্যপদের বিবরণ: ট্রেনি ইঞ্জিনিয়ার-১: ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: পোস্ট কোড: টি ই ই এল: ইলেক্ট্রনিক্স: ১৯টি, পোস্ট কোড: টি ই এম ই: মেকানিক্যাল: ১১টি, পোস্ট কোড: টি ই সি এস: কম্পিউটার সায়েন্স: ৩টি।

উপরোক্ত পদে প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের জন্য। চুক্তির মেয়াদ সর্বাধিক আরও ২ বছর বাড়ানো হতে পারে।

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১: ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: পোস্ট কোড: পি ই ই এল: ইলেক্ট্রনিক্স: ৩৬টি, পোস্ট কোড: পি ই এম ই: মেকানিক্যাল: ৮টি, পোস্ট কোড: পি ই সি এস: কম্পিউটার সায়েন্স: ৬টি।

উপরোক্ত পদে প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ২ বছরের জন্য। চুক্তির মেয়াদ সর্বাধিক আরও ২ বছর বাড়ানো হতে পারে।

শিক্ষাগত যোগ্যতা: সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর)-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। সেইসঙ্গে সংশ্লিষ্ট কাজে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২ বছর এবং ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ৩১-১২-২০২১ তারিখে ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৫ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রথম বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা। ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রতি মাসে ২৫,০০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bel-india.in

ফি বাবদ স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অফলাইনে ফি দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্তের সঙ্গে দেবেন এই সব নথি: ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ✓ফি দিয়ে পাওয়া রশিদ। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কর্মরতদের ক্ষেত্রে নো-অবজেকশন সার্টিফিকেট। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং পোস্ট কোড লিখে দেবেন। দরখাস্ত স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Dy General Manager (HR), Bharat Electronics Limited, I.E.Nacharam, Hyderabad-500 076, Telangana State দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ব্যাঙ্ক অব বরোদায় স্পেশ্যালিস্ট অফিসার

স্পেশ্যালিস্ট ইনফর্মেশন টেকনোলজি অফিসার পদে ২৬ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা।

শূন্যপদের বিবরণ: কোয়ালিটি অ্যাশিওরেন্স ইঞ্জিনিয়ার-মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টু: ৬টি, জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান: ৬টি। **ডেভেলপার (ফুল স্ট্যাক জাভা)-মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টু**: ৬টি। **ডেভেলপার (মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট)-মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টু**: ৮টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in দরখাস্তের শেষ তারিখ ২৮ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কোস্ট গার্ডে সিভিলিয়ান

বিভিন্ন পদে ৯৬ জন সিভিলিয়ান নেবে ইন্ডিয়ান কোস্ট গার্ড। ফায়ারম্যান, সিভিলিয়ান মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার, ইঞ্জিন ড্রাইভার, ফায়ার ইঞ্জিন ড্রাইভার, মোটর ট্রান্সপোর্ট ফিটার, লস্কর-সহ বিবিধ পদে প্রার্থীদের কোস্ট গার্ডের ওয়েস্ট রিজিয়নে নিয়োগ করা হবে।

শূন্যপদের বিন্যাস: ফায়ারম্যান: শূন্যপদ ৫৩টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **সিভিলিয়ান মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: শূন্যপদ ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইঞ্জিন ড্রাইভার**: শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **সারেং লস্কর**: শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **ফায়ার ইঞ্জিন ড্রাইভার**: শূন্যপদ ৫টি (সাধারণ ৩, ও বি সি ২)। **মোটর ট্রান্সপোর্ট ফিটার**: শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **স্টোর কিপার গ্রেড-টু**: শূন্যপদ ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **স্প্রে পেইন্টার**: শূন্যপদ ১টি (সাধারণ)। **মোটর ট্রান্সপোর্ট মেকানিক**: শূন্যপদ ১টি (সাধারণ)। **লস্কর**: শূন্যপদ ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। **মাল্টি টাস্কিং স্টাফ (পিওন)**: শূন্যপদ ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **আনস্কিল্ড লেবারার**: শূন্যপদ ২টি (সাধারণ)।

সংস্থার তরফে বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি জানতে আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে www.indiancoastguard.gov.in

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

DD – 26, Sector – I, Salt Lake City, Kolkata – 700064
ESTABLISHED BY WB ACT (XIX) OF 1997, RECOGNIZED BY UGC-DEB
NAAC ACCREDITED WITH GRADE 'A'
Email.: nsou@wbnsou.ac.in; Website: www.wbnsou.ac.in

CELEBRATING SILVER JUBILEE YEAR

Memo No.: Reg /1369 **Admission Notification** Date : 06.12.2021

APPLICATIONS ARE INVITED FROM INDIAN NATIONALS FOR THE FOLLOWING PROGRAMMES OF THE UNIVERSITY FOR JANUARY 2022 (ACADEMIC YEAR 2021-22) SESSION.

PROGRAMMES OFFERED BY SCHOOL OF SCIENCES

Name of the Programmes	Programmes Code
M.Sc. in Mathematics	PGMT
M.Sc. in Geography	* PGGR
M.Sc. in Zoology	* PGZO

* Important Note : In these programmes seats are limited. The admission will be made strictly on the basis of merit and following the reservation policy of the Government and the University through counselling.

PROGRAMMES OFFERED BY SCHOOL OF HUMANITIES

M.A. in Bengali	PGBG
M.A. in English	PGEG
M.A. in English Language Teaching	PGEL
M.A. in Journalism and Mass Communication	PGJM

PROGRAMMES OFFERED BY SCHOOL OF SOCIAL SCIENCES

M.A. in History	PGHI
M.A. in Political Science	PGPS
M.A. in Public Administration	PGPA

PROGRAMME OFFERED BY SCHOOL OF EDUCATION

Name of the Programme	Programme Code
M.A. in Education	PGED

PROGRAMMES OFFERED BY SCHOOL OF PROFESSIONAL STUDIES

M.Com.	PGCO
M.A. in Economics	PGEC
Master of Social Work (MSW)	PGSW
Master of Library & Information Science	MLIS

2nd DEGREE AND ADVANCE DIPLOMA PROGRAMMES

- Bachelor of Library & Information Science
- Advance Diploma in English Language Teaching
- Advance Diploma in Public Relations and Advertising
- Advance Diploma in Journalism & Mass Communication

For detailed admission notification, tentative time schedule, eligibility criteria, fees structure, course duration, list of Learner Support Centres, steps to be followed and other guideline please visit our official website (www.wbnsou.ac.in) or admission websites (www.wbnsouadmissions.com) on and from 11.12.2021.

Registrar

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in